# বাগধারা / প্রবাদ-প্রবচন

## বিসিএস এবং বিজেএস (সহকারী জজ) প্রিলিমিনারি

১. **'ইতর বিশেষ' বলতে বোঝায়?** *[৪৪তম বিসিএস]*
ক. দুর্বৃত্ত খ. চালাকি গ. পার্থক্য ঘ. অপদার্থ **উত্তর: গ**

২. **'অর্ধচন্দ্র' কথাটির অর্থ-** *[৪৪তম, ১১তম বিসিএস]*
ক. অমাবস্যা খ. গলাধাক্কা দেওয়া গ. কাছে টানা ঘ. কাস্তে **উত্তর: খ**

৩. **'সপ্তকাণ্ড রামায়ণ' বাগধারার অর্থ কী?** *[৪৩তম বিসিএস]*
ক. রামায়ণের সাত পর্ব খ. রামায়ণে বর্ণিত সাতটি সমুদ্র গ. রামায়ণে বর্ণিত বৃক্ষ ঘ. বৃহৎ বিষয় **উত্তর: ঘ**

৪. **'গড্ডলিকা প্রবাহ' বাগধারায় 'গড্ডল' শব্দের অর্থ কী?** *[৪৩তম বিসিএস]*
ক. স্রোত খ. ভেড়া গ. একত্র ঘ. ভাসা **উত্তর: খ**

*ব্যাখ্যা : 'গড্ডল' শব্দের অর্থ ভেড়া। জনশ্রুতি আছে কোন এক পাহাড়ের উপরিভাগ হতে একটি ভেড়া লাফ দিয়ে নিচে পড়ে। তার দেখাদেখি ভেড়া দলের সব ঝাঁপিয়ে পড়ে এবং মারা যায়। সেই থেকে 'গড্ডলিকা প্রবাহ' এসেছে। গড্ডলিকা প্রবাহ মানে ভেড়ার পালের মত পরস্পরের অনুসরণ বা অপরকে অন্ধভাবে অনুসরণ।*

৫. **'উলুবনে মুক্ত ছড়ানো' প্রচলিত এমন শব্দগুচ্ছকে বলে-** *[৪২তম বিসিএস]*
ক. প্রবাদ-প্রবচন খ. এককথায় প্রকাশ গ. ভাবসম্প্রসারণ ঘ. বাক্য সংকোচন **উত্তর: ক**

*ব্যাখ্যা : লোকমুখে প্রচলিত জনপ্রিয় উক্তি যার মধ্যে সরলভাবে জীবনের কোন গভীরতর সত্য প্রকাশ পায় সেগুলোকে প্রবাদ বা প্রবচন বলে। প্রবাদ অজ্ঞাত পরিচয় সাধারণ মানুষের সৃষ্টি, সেগুলো জনশ্রুতি হিসেবে চলে এসেছে। যেমন : 'অতি লোভে তাঁতি নষ্ট'। আর প্রবচন হলো প্রজ্ঞাবান ব্যক্তির অভিজ্ঞতাজাত ব্যক্তিগত সৃষ্টি। যেমন : 'কড়িতে বাঘের দুধ মিলে' (ভারতচন্দ্র)।*

৬. **'শিবরাত্রির সলতে' বাগধারার অর্থ কী?** *[৪০তম বিসিএস]*
ক. শিবরাত্রির আলো খ. একমাত্র সঞ্চয় গ. একমাত্র সন্তান ঘ. শিবরাত্রির গুরুত্ব **উত্তর: গ**

*ব্যাখ্যা : 'শিবরাত্রির সলতে' বাগধারার অর্থ একমাত্র বংশধর, একমাত্র সন্তান। এর সমার্থক বাগধারা হচ্ছে 'সবে ধন নীলমণি'।*

৭. **'শরতের শিশির' বাগধারা শব্দটির অর্থ কী?** *[৪০তম বিসিএস]*
ক. সুময়ের বন্ধু খ. সুসময়ের সঞ্চয় গ. শরতের শোভা ঘ. শরতের শিউলি ফুল **উত্তর: ক**

*ব্যাখ্যা : 'শরতের শিশির' বাগধারার অর্থ সুসময়ের বন্ধু, ক্ষণস্থায়ী। 'দুধের মাছি' বাগধারার অর্থও সুসময়ের বন্ধু।*

৮. **কোনটি বাগধারা বোঝায়?** *[৩৭তম বিসিএস]*
ক. চৈত্র সংক্রান্তি খ. পৌষ সংক্রান্তি গ. শিরে সংক্রান্তি ঘ. শিব সংক্রান্তি **উত্তর: গ**

*ব্যাখ্যা : 'শিরে সংক্রান্তি' বাগধারা, অর্থ- আসন্ন বিপদ। অন্যগুলো বাগধারা নয়। চৈত্র সংক্রান্তি হলো চৈত্র মাসের শেষ দিন। পৌষসংক্রান্তি হলো পৌষ মাসের শেষ দিনে পিঠে খাওয়ার উৎসব।*

৯. **'ঢাকের কাঠি' বাগধারা অর্থ-** *[৩৩তম, ২১তম বিসিএস, ৫ম বিজেএস]*
ক. কপট ব্যক্তি খ. ঘনিষ্ঠ সম্পর্ক গ. হতভাগ্য ঘ. মোসাহেব **উত্তর: ঘ**

*ব্যাখ্যা : 'ঢাকের কাঠি' বাগধারাটির অর্থ মোসাহেব বা তোষামোদকারী। 'ঢাকের বাঁয়া' অর্থ অকেজো সঙ্গী, 'ঢাকে কাঠি দেওয়া' অর্থ সর্বত্র প্রচার।*

১০. **'গাছপাথর' বাগধারাটির অর্থ-** *[৩২তম বিসিএস]*
ক. ভূমিকা করা খ. হিসাব-নিকাশ গ. অসম্ভব বস্তু ঘ. বাড়াবাড়ি করা **উত্তর: খ**

১১. **'হাত-ভারি' বাগধারা অর্থ-** *[২৪তম বিসিএস (বাতিল)]*
ক. দাতা খ. কম খরচে গ. দরিদ্র ঘ. কৃপণ **উত্তর: ঘ**

১২. 'রামগরুড়ের ছানা' কথাটির অর্থ কি? [২৩তম বিসিএস]
ক. কাল্পনিক জন্তু খ. গোমড়ামুখো লোক গ. মুরগি ঘ. পরাণোক্ত পাখি **উত্তর: খ**

১৩. 'নিরানব্বইয়ের ধাক্কা' বাগ্‌ধারাটির অর্থ- [২৩তম বিসিএস]
ক. তীরে পৌছার ঝক্কি খ. সঞ্চয়ের প্রবৃত্তি গ. মুমূর্ষু অবস্থা ঘ. আসন্ন বিপদ **উত্তর: খ**

১৪. 'চাঁদের হাট' অর্থ কী? [২১তম বিসিএস]
ক. বন্ধুদের সমাগম খ. আত্মীয় সমাগম গ. প্রিয়জন সমাগম ঘ. গণ্যমান্যদের সমাগম **উত্তর: গ**

১৫. 'কাক ভূষণ্ডি'র অর্থ কী? [২০তম বিসিএস]
ক. ষড়যন্ত্রকারী খ. বাক সর্বস্ব গ. দীর্ঘ প্রতীক্ষমাণ ঘ. দীর্ঘায়ু ব্যক্তি **উত্তর: ঘ**

১৬. 'ঠোঁট কাটা' বলতে কি বুঝায়? [২০তম বিসিএস]
ক. অহংকারী খ. স্পষ্টবাদী গ. মিথ্যাবাদী ঘ. পক্ষপাতদুষ্ট **উত্তর: খ**

১৭. 'ব্যাঙের সর্দি'-এর অর্থ কী? [২০তম বিসিএস]
ক. রোগবিশেষ খ. সম্ভাব্য ঘটনা গ. অসম্ভব ঘটনা ঘ. প্রতারণা **উত্তর: গ**

১৮. 'একাদশে বৃহস্পতি' এর অর্থ কি? [১৮তম বিসিএস]
ক. আশার কথা খ. সৌভাগ্যের বিষয় গ. মজা পাওয়া ঘ. আনন্দের বিষয় **উত্তর: খ**

১৯. 'কৌশলে কার্যোদ্ধার'- কোনটির অর্থ? [১৮তম বিসিএস]
ক. গাছে তুলে মই কাড়া খ. এক ক্ষুরে মাথা মুড়ানো
গ. ধরি মাছ না ছুঁই পানি ঘ. আকাশের চাঁদ হাতে পাওয়া **উত্তর: গ**

*ব্যাখ্যা : ধরি মাছ না ছুঁই পানি= কৌশলে কার্যোদ্ধার, গাছে তুলে মই কাড়া= আশা দিয়ে পরে নিরাশ করা, এক ক্ষুরে মাথা কামানো = একই মতের অনুসারী, আকাশের চাঁদ হাতে পাওয়া=দুর্লভ বস্তু পাওয়া।*

২০. 'যার কোন মূল্য নেই'- তাকে বাগ্‌ধারা দিয়ে প্রকাশ করলে কোনটা হয়? [১৪তম বিসিএস]
ক. ডাকাবুকা খ. তুলশী বনের বাঘ গ. তামার বিষ ঘ. ঢাকের বাঁয়া **উত্তর: ঘ**

*ব্যাখ্যা : যার কোন মূল্য নেই- ঢাকের বাঁয়া, ডাকাবুকা- দুরন্ত বা নির্ভীক, তুলসী বনের বাঘ- ভণ্ড সাধু, তামার বিষ- অর্থের কু প্রভাব।*

২১. কোন প্রবচনটি 'হতভাগ্য' অর্থে ব্যবহৃত? [১৪তম বিসিএস]
ক. আটকপালে খ. উড়নচণ্ডী গ. ছা-পোষা ঘ. ভূষণ্ডির কাক **উত্তর: ক**

*ব্যাখ্যা : আটকপালে- হতভাগ্য, উড়নচণ্ডী- অপব্যয়ী, ছা পোষা- পোষ্য ভারাক্রান্ত, ভূষণ্ডির কাক- দীর্ঘায়ু ব্যক্তি।*

২২. 'রাবণের চিতা' বাগধারা অর্থ কী? [১৪তম বিসিএস]
ক. অনিষ্টে ইষ্ট লাভ খ. সামান্য কিছু দিয়ে ঝগড়া লাগানো গ. অরাজক দেশ ঘ. চির অশান্তি **উত্তর: ঘ**

*ব্যাখ্যা : রাবণের চিতা= চির অশান্তি। শাপে বর= অনিষ্টে ইষ্ট লাভ, মগের মুল্লুক= অরাজক দেশ, ফুটো পয়সার লড়াই= সামান্য কিছু দিয়ে ঝগড়া লাগানো।*

২৩. কোন বাক্যে 'ঢাক ঢাক গুড় গুড়' প্রবাদটির বিশেষ অর্থ প্রকাশ পেয়েছে? [১৩তম]
ক. ঢাক ঢাক গুড় গুড় করে কি লাভ, কাজে লেগে যাও খ. ঢাক ঢাক গুড় গুড় করে কি লাভ, আসল কথাটি বল
গ. ঢাক ঢাক গুড় গুড় করে কি লাভ, কি খাবে বল ঘ. ঢাক ঢাক গুড় গুড় করে কি লাভ, নিজের পায়ে দাঁড়াও

*ব্যাখ্যা : 'ঢাক ঢাক গুড় গুড়' বাগধারাটির অর্থ লুকোচুরি।* **উত্তর: খ**

২৪. 'গোঁফ-খেজুরে'-এই বাগধারাটির অর্থ কী? [১৩তম বিসিএস]
ক. আরাম প্রিয় খ. উদাসীন গ. নিতান্ত অলস ঘ. পরমুখাপেক্ষী **উত্তর: গ**

২৫. বাগ্‌ধারা যুগলদের মধ্যে কোন জোড়া সর্বাধিক সমার্থবাচক? [১২তম বিসিএস]
ক. অমাবস্যার চাঁদ ; আকাশ কুসুম খ. বক ধার্মিক ; বিড়াল তপস্বী
গ. রুই কাতলা ; কেউকেটা ঘ. বক ধার্মিক ; ভিজে বিড়াল **উত্তর: খ**

*ব্যাখ্যা : বক ধার্মিক ও বিড়াল তপস্বী=ভণ্ড। অমাবস্যার চাঁদ অর্থ অদৃশ্য বস্তু, আকাশ কুসুম অর্থ অসম্ভব কল্পনা, রুই কাতলা অর্থ নেতৃস্থানীয় লোক, কেউকেটা অর্থ সামান্য, ভিজে বিড়াল অর্থ কপট ব্যক্তি।*

২৬. **কোন প্রবচন বাক্য ব্যবহারিক দিক থেকে সঠিক?** *[১০তম বিসিএস]*
ক. যত গর্জে তত বৃষ্টি হয় না　খ. যেখানে বাঘের ভয় সেখানে বিপদ হয়
গ. নাচতে না জানলে উঠোন ভাঙ্গা　ঘ. অধিক সন্ন্যাসীতে গাজন নষ্ট　**উত্তর: ঘ**

২৭. **'উভয়কূল রক্ষা' অর্থে ব্যবহৃত প্রবচন কোনটি?** *[১০তম বিসিএস]*
ক. কারো পৌষ মাস, কারও সর্বনাশ　খ. চাল না চুলো, ঢেঁকি না কুলো
গ. সাপও মরে, লাঠিও না ভাঙ্গে　ঘ. বোঝার উপর, শাকের আঁটি　**উত্তর: গ**

২৮. **'বাগধারা' ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়?** *[৮ম বিজেএস (সহকারী জজ)-১৩]*
ক. ভাষাতত্ত্বে　খ. রূপতত্ত্বে　গ. ধ্বনিতত্ত্বে　ঘ. বাক্যতত্ত্বে　**উত্তর: ঘ**

*ব্যাখ্যা : বাক্যতত্ত্বের আলোচ্য বিষয়- বাক্য, বাক্যের গঠন, বাক্য পরিবর্তন, বিরামচিহ্ন, বাগধারা, প্রবাদ প্রবচন ইত্যাদি।*

২৯. **'হাতির পাঁচ পা দেখা' -এই বাগধারার অর্থ কি?** *[৫ম বিজেএস (সহকারী জজ)-১০]*
ক. অবাক হওয়া　খ. গর্বে আনন্দিত হওয়া　গ. অহংকার বোধ করা　ঘ. ভুল দেখা　**উত্তর: গ**

*ব্যাখ্যা : 'হাতির পাঁচ পা দেখা' অর্থ অতিশয় বাড়াবাড়ি করা, অহংকার বোধ করা।*

৩০. **'উনপঞ্চাশ বায়ু' বাগধারার অর্থ কি?** *[৪র্থ বিজেএস (সহকারী জজ)-০৮]*
ক. ঘৃণা　খ. বিরক্তি　গ. বদমেজাজ　ঘ. হিংসা　**উত্তর: গ**

*ব্যাখ্যা : 'উনপঞ্চাশ বায়ু' বাগধারার অর্থ বদমেজাজ, পাগলামি।*

৩১. **'পাণিগ্রহণ' কথাটি যা গ্রহণ থেকে এসেছে-** *[৪র্থ বিজেএস (সহকারী জজ)-০৮]*
ক. মালা　খ. ফুল　গ. বীণা　ঘ. হাত　**উত্তর: ঘ**

*ব্যাখ্যা : পাণি শব্দের অর্থ হাত। সে অর্থে পাণিগ্রহণ অর্থ হাত গ্রহণ। ব্যবহারিক অর্থে পাণিগ্রহণ, পাণিগ্রহ, পাণিপীড়ন, পাণিবন্ধ অর্থ বিবাহ বা পরিণয়। পাণিপ্রার্থী অর্থ বিবাহের অভিলাষী।*

৩২. **'হাতটান' এর অর্থ হচ্ছে-** *[সহকারী জজ প্রাথমিক পরীক্ষা-০৭]*
ক. টাকা-পয়সার অভাব　খ. চুরির অভ্যাস　গ. কৃপণ স্বভাব　ঘ. কোনটিই নয়　**উত্তর: খ**

*ব্যাখ্যা : হাতটান- চুরির অভ্যাস, হাত ভারি- অত্যন্ত কৃপণ।*

## পিএসসি'র নন-ক্যাডার ও অন্যান্য নিয়োগ পরীক্ষা

১. **'অঞ্চল প্রভাব' বাগধারাটির অর্থ-** *[বাংলাদেশ রেলওয়ের পয়েন্টসম্যান-২৪]*
ক. স্ত্রীর প্রভাব　খ. স্বামীর প্রভাব　গ. আঞ্চলিকতার প্রভাব　ঘ. উর্ধ্বতন কর্তার প্রভাব　**উত্তর: ক**

২. **'মেঘের ছায়া' প্রবচনটির মানে-** *[পেট্রোবাংলা'র অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার-২৪]*
ক. অন্ধকার　খ. ক্ষণস্থায়ী সুখ　গ. বৃষ্টির পূর্বাভাস　ঘ. অশুভ লক্ষণ　**উত্তর: খ**

৩. **'অশ্বমেধ যজ্ঞ' বাগধারাটির অর্থ-** *[বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের ওয়ারহাউজ বা ইয়ার্ড সুপারিনটেনডেন্ট-২৪]*
ক. ঘোড়া নিধন　খ. বিপুল আয়োজন　গ. ধ্বংস করা　ঘ. হত্যাযজ্ঞ　**উত্তর: খ**

৪. **'চক্ষুদান করা' বাগধারাটির অর্থ কী?** *[ডাক অধিদপ্তরের ইন্সপেক্টর অব পোস্ট অফিস-২৪]*
ক. চুরি করা　খ. সেবা করা　গ. অপরাধ করা　ঘ. নষ্ট করা　**উত্তর: ক**

*ব্যাখ্যা : চক্ষুদান করা অর্থ- ১. অজ্ঞানকে জ্ঞানদান; ২. ব্যাঙ্গার্থে চুরি করা (শুরু দৃষ্টিদানের পরে)।*

৫. **'ঘোড়ার কামড়' বাগধারাটির অর্থ কোনটি?** *[পল্লী বিদ্যুতায়ন বোর্ডের মিটার রিডার কাম ম্যাসেঞ্জার-২৪]*
ক. ভীষণ ব্যাথা　খ. অসম্ভব　গ. দৃঢ়পণ　ঘ. কোনটিই নয়　**উত্তর: গ**

*ব্যাখ্যা : 'ঘোড়ার কামড়' বাগধারাটির অর্থ- কঠিন আক্রমণ, দৃঢ়পণ, খুব জেদ।*

৬. 'অগস্ত্য যাত্রা' শব্দটি দ্বারা কি বুঝায়? *[ঔষধ প্রশাসন অধিদপ্তরের অফিস সহায়ক-২৪]*
ক. অযাত্রা খ. কুযাত্রা গ. মারা যাওয়া ঘ. শেষ বিদায় **উত্তর: ঘ**
*ব্যাখ্যা : 'অগস্ত্য যাত্রা' অর্থ- চিরপ্রস্থান বা শেষ বিদায়।*

৭. 'চিনির পুতুল' এর অর্থ কি? *[ঔষধ প্রশাসন অধিদপ্তরের অফিস সহায়ক-২৪]*
ক. শ্রম কাতুরে খ. ক্ষণস্থায়ী গ. আদরের বন্ধু ঘ. ঘুম কাতুরে **উত্তর: ক**
*ব্যাখ্যা : 'চিনির পুতুল' বাগধারাটির অর্থ শ্রম কাতুরে, 'ননীর পুতুল' বাগধারাটির অর্থ শ্রমবিমুখ।*

৮. 'অকাল বোধন' বাগধারাটির অর্থ কী? *[বাংলাদেশ টেলিভিশনের উপ-সহকারী প্রকৌশলী-২৪]*
ক. শেষ বিদায় খ. অসময়ে আবির্ভাব গ. শেষ সময়ের কাজ ঘ. সময়ে আবির্ভাব **উত্তর: খ**

৯. 'গৌরচন্দ্রিকা' বাগধারাটির অর্থ কী? *[পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লি. এর উপ-সহকারী প্রকৌশলী-২৪]*
ক. মূলবিষয় খ. সারাংশ গ. ভূমিকা ঘ. উপসংহার **উত্তর: গ**

১০. 'ঘটিরাম' কোন অর্থে ব্যবহৃত হয়? *[বি-আর পাওয়ারজেন লি. এর উপ-সহকারী প্রকৌশলী-২৪]*
ক. বড়মুখ খ. অপদার্থ গ. ন্যাকামো ঘ. ভন্ডধার্মিক **উত্তর: খ**

১১. 'তামার বিষ' বাগধারাটির অর্থ কি? *[পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ সহকারী প্রকৌশলী-২৪]*
ক. অত্যন্ত বিষাক্ত খ. অর্থের কুপ্রভাব গ. ক্ষণস্থায়ী বন্ধু ঘ. অসম্ভব বস্তু **উত্তর: খ**
*ব্যাখ্যা : তামার বিষ বাগধারাটির অর্থ- অর্থের কু প্রভাব।*

১২. 'ষোলকলা' অর্থ- *[বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের নিরাপত্তা অপারেটর-২৪]*
ক. একটাকা খ. সম্পূর্ণ গ. সুন্দর কলা ঘ. ষোলটি কলা **উত্তর: খ**

১৩. 'মাথা দেওয়া' বলতে কি বুঝায়? *[সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের অধীন জুনিয়র শিক্ষক-২৪]*
ক. আগ্রহ দেখানো খ. শপথ করা গ. দায়িত্ব গ্রহণ ঘ. ভাবনা করা **উত্তর: গ**

১৪. 'আকাশ কুসুম' বাগধারাটির অর্থ কী? *[১৮তম শিক্ষক নিবন্ধন (প্রভাষক)-২৪]*
ক. আকাঙ্ক্ষিত বস্তু খ. অপ্রত্যাশিত গ. প্রচুর ব্যবধান ঘ. অসম্ভব কল্পনা **উত্তর: ঘ**

১৫. 'সর্বনাশ' বোঝাতে কোন বাগধারাটির প্রয়োজন? *[১৮তম শিক্ষক নিবন্ধন (স্কুল ২)-২৪]*
ক. মগের মুল্লুক খ. পুকুর চুরি গ. বালির বাঁধ ঘ. ভরাডুবি **উত্তর: ঘ**
*ব্যাখ্যা : ভরাডুবি বাগধারার অর্থ সর্বনাশ। মগের মুল্লুক বাগধারার অর্থ অরাজক দেশ, পুকুর চুরি বাগধারার অর্থ বড় ধরনের চুরি, বালির বাঁধ বাগধারার অর্থ অস্থায়ী বস্তু।*

১৬. 'আমড়াগাছি করা' বলতে বোঝায়- *[১৮তম শিক্ষক নিবন্ধন (স্কুল ২)-২৪]*
ক. টালবাহানা করা খ. ছটফট করা গ. বিশৃঙ্খলা করা ঘ. তোষামোদ করা **উত্তর: ঘ**

১৭. 'নদের চাঁদ' বাগধারাটি যে অর্থ প্রকাশ করে? *[১৮তম শিক্ষক নিবন্ধন (স্কুল)-২৪]*
ক. অতি আকাঙ্ক্ষিত বন্ধু খ. অহমিকাপূর্ণ নির্গুণ ব্যক্তি
গ. অদৃষ্টের পরিহাস ঘ. বিশেষ সম্মানিত ব্যক্তি **উত্তর: খ**
*ব্যাখ্যা : নদের চাঁদ বাগধারাটির অর্থ- সুন্দর ব্যক্তি অথচ অপদার্থ।*

১৮. 'জগদ্দল পাথর' বাগধারাটির অর্থ কি? *[রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) ইমারত পরিদর্শক-২৪]*
ক. অমূল্য বস্তু খ. জটিল করা গ. গুরুভার ঘ. নিন্দিত **উত্তর: গ**

১৯. 'কেঁচে গণ্ডূষ' বাগধারাটির অর্থ কি? *[পররাষ্ট্র মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা-২৪]*
ক. নিতান্ত অলস খ. অসার গ. পুনরায় আরম্ভ ঘ. ভূমিকা করা **উত্তর: গ**
*ব্যাখ্যা : 'কেঁচে গণ্ডূষ' বাগধারাটির অর্থ সমাপ্ত প্রায় কাজ পুনরায় শুরু করা।*

২০. 'আটকপালে' অর্থ কী? *[স্বাস্থ্য সহকারী সিভিল সার্জন কার্যালয় কুমিল্লা-২৪]*
ক. হতাশ খ. জ্ঞানী গ. হতভাগ্য ঘ. সৌভাগ্যবান **উত্তর: গ**
*ব্যাখ্যা : আটকপালে এবং ইঁদুর কপালে বাগধারার অর্থ- হতভাগ্য বা মন্দভাগ্য।*

২১. 'টীকা ভাষ্য' বাগধারাটির অর্থ কি? *[তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানীর সহকারী প্রকৌশলী-২৪]*
ক. সদালাপ খ. অর্থহীন কথা গ. সংক্ষিপ্ত আলোচনা ঘ. দীর্ঘ আলোচনা **উত্তর: ঘ**

২২. 'কাছাঢিলা' বাগধারাটির অর্থ কী? *[বাংলাদেশ রেলওয়ের টিকেট কালেক্টর-২৪]*
ক. বেহায়া খ. কাণ্ডজ্ঞানহীন গ. ভণ্ড ঘ. অসাবধান **উত্তর: ঘ**

২৩. 'রজ্জুতে সর্পজ্ঞান' বাগধারাটির অর্থ- *[বাংলাদেশ রেলওয়ের বুকিং সহকারী-২৪]*
ক. সাপকে দড়ি দিয়ে বাঁধা খ. জাদুকরী বিদ্যা অর্জন করা গ. বিভ্রম ঘ. আচমকা বিপদ **উত্তর: গ**

২৪. কোন বাগধারাটির অর্থ ভিন্ন? *[পররাষ্ট্র মন্ত্রণালয়ের সুপারিনটেনডেন্ট-২৪]*
ক. অহিনকুল সম্বন্ধ খ. আদায়-কাঁচকলায় গ. ঢাকের কাঠি ঘ. দা-কুমড়া **উত্তর: গ**

*ব্যাখ্যা : 'ঢাকের কাঠি' বাগধারাটির অর্থ মোসাহেব বা তোষামোদকারী। আদায় কাঁচকলায়, দা-কুমড়া, অহি-নকুল সবগুলোর অর্থ শত্রুতার সম্পর্ক বা বৈরী সম্পর্ক।*

২৫. 'গোড়ায় গলদ' বাগধারাটির অর্থ কী? *[বাংলাদেশ ডাক বিভাগের পোস্টম্যান/রানার-২৪]*
ক. বেশি ভুল খ. ভুল জিনিষ গ. শুরুতে ভুল ঘ. অল্প ভুল **উত্তর: গ**

২৬. 'গোল্লায় যাওয়া' বাগধারাটির অর্থ কী? *[বাংলাদেশ ডাক বিভাগের পোস্টম্যান/রানার-২৪]*
ক. অসৎ কাজ করা খ. নষ্ট হওয়া গ. খারাপ কাজে যাওয়া ঘ. দোষের কাজ **উত্তর: খ**

২৭. 'কান ভাঙানো' বাগধারাটির কী অর্থে ব্যবহৃত হয়? *[বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষের উচ্চমান সহকারী-২৪]*
ক. মিথ্যা বলা খ. কুপরামর্শ গ. কথা না শোনা ঘ. চিৎকার করা **উত্তর: খ**

২৮. 'গা লাগা' এর অর্থ কোনটি? *[নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানির সাব-স্টেশন অ্যাটেনডেন্ট-২৪]*
ক. মনোযোগ দেওয়া খ. অভ্যস্ত হওয়া গ. অনুভূত হওয়া ঘ. দেহে সহ্য হওয়া **উত্তর: ক**

২৯. 'অন্ধের যষ্টি' বাগধারার অর্থ নিচের কোনটি? *[নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানির সাব-স্টেশন অ্যাটেনডেন্ট-২৪]*
ক. নিষ্ফল আবেদন খ. অপদার্থ গ. একমাত্র অবলম্বন ঘ. দিশেহারা হয়ে পরা **উত্তর: গ**

৩০. বাগধারা অতীতকালের কোন ঘটনার স্মারক? *[অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষের অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক-২৪]*
ক. সামাজিক-অর্থনৈতিক খ. সামাজিক-রাজনৈতিক
গ. সামাজিক-মানসিক ঘ. সামাজিক-সাংস্কৃতিক **উত্তর: ঘ**

৩১. 'শিরে-সংক্রান্তি' বাগধারাটির অর্থ- *[বন অধিদপ্তরের অফিস সহায়ক-২৪]*
ক. মাথায় বোঝা খ. বিগত বিপদ গ. মহাবিপদ ঘ. আসন্ন বিপদ **উত্তর: ঘ**

৩২. 'কাকভূষণ্ডী' বাগধারার অর্থ- *[পিএসসির অধীন সিনিয়র স্টাফ নার্স-২৪]*
ক. ক্ষণজীবী খ. দীর্ঘজীবী গ. ক্ষণজন্মা ঘ. বিরলপ্রজ **উত্তর: খ**

৩৩. 'কাকনিদ্রা' শব্দটির অর্থ কি? *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক-২৩]*
ক. অগভীর সতর্ক নিদ্রা খ. কাকের ন্যায় নিদ্রা গ. অনিষ্ট চিন্তা ঘ. কপট নিদ্রা **উত্তর: ক**

৩৪. 'ঘাস্লে পানি পাওয়া' অর্থ কি? *[প্রত্নতত্ত্ব অধিদপ্তরের গবেষণা সহকারী-২৩]*
ক. বিপদে পতিত হওয়া খ. বিপদমুক্ত হওয়া গ. বিপদাপন্ন হওয়া ঘ. বিপদে ধৈর্য ধারণ করা **উত্তর: খ**

৩৫. 'মাছের মা' বাগধারার অর্থ- *[বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের সহকারী প্রকৌশলী (সিভিল)-২৩]*
ক. অত্যাচারী খ. নিষ্ঠুর গ. নীতিহীন ঘ. কঠোর **উত্তর: খ**

৩৬. 'বর্ণচোরা' বাগধারাটির অর্থ হলো- *[বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের সহকারী প্রকৌশলী (সিভিল)-২৩]*
ক. পাকা আম খ. কপটচারী গ. ভণ্ড সাধু ঘ. কপটহীন ব্যক্তি **উত্তর: খ**

৩৭. 'অকাল কুষ্মাণ্ড' বাগধারাটির অর্থ কোনটি? *[বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের সহকারী প্রকৌশলী (সিভিল)-২৩]*
ক. অকর্মা খ. কর্মবিমুখ গ. বোকা ঘ. মূর্খ **উত্তর: ক**

৩৮. 'দৃঢ় সংকল্প' অর্থ কোন বাগধারার মধ্যে রয়েছে? [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের উচ্চমান সহকারী-২৩]
ক. এক চোখা 	খ. এক কথার মানুষ 	গ. উড়নচণ্ডী 	ঘ. কংস মামা 	**উত্তর: খ**

৩৯. 'আষাঢ়ে গল্প' কথাটির অর্থ কি? [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের উচ্চমান সহকারী-২৩]
ক. গাজাখুরি গল্প 	খ. নতুন গল্প 	গ. যাদুবিদ্যা 	ঘ. চিন্তাভাবনা 	**উত্তর: ক**

৪০. নিচের কোন বাগধারাটি ভিন্নার্থক? [বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের নিম্নমান হিসাব সহকারী-২৩]
ক. আদায় কাঁচকলায় 	খ. দা-কুমড়া 	গ. রুই-কাতলা 	ঘ. অহি-নকুল 	**উত্তর: গ**

ব্যাখ্যা : 'রুই-কাতলা' অর্থ পদস্থ বা নেতৃস্থানীয় ব্যক্তি। আদায় কাঁচকলায়, দা-কুমড়া, অহি-নকুল সবগুলোর অর্থ শত্রুতার সম্পর্ক বা বৈরী সম্পর্ক।

৪১. 'গড্ডলিকা প্রবাহ' এর সঠিক অর্থ কোনটি? [বাংলাদেশ সরকারি কর্মকমিশনের প্রাণরসায়নবিদ-২৩]
ক. আলসেমি 	খ. কাণ্ডজ্ঞানহীন 	গ. অন্ধ অনুকরণ 	ঘ. প্রবাহিত 	**উত্তর: গ**

৪২. 'ওজন বুঝে চলা' বাগধারার অর্থ- [কোল পাওয়ার জেনারেশন কোম্পানীর উপ-সহকারী প্রকৌশলী-২৩]
ক. আত্মসম্মান রক্ষা করা 	খ. পক্ষপাতদুষ্ট 	গ. পৃষ্ঠপোষককে সমর্থন 	ঘ. অন্যের অনুকরণ 	**উত্তর: ক**

৪৩. 'স্বর্গের সিড়ি' বাগধারাটির অর্থ- [বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের স্টাফ অফিসার-২৩]
ক. স্বর্গ লাভের উপায় 	খ. স্বর্গে যাওয়ার পথ 	গ. সাফল্য লাভের উপায় 	ঘ. অলীক কল্পনা 	**উত্তর: গ**

৪৪. কোন বাগধারাটির অর্থ 'বেহায়া'? [জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর অফিস সহায়ক-২৩]
ক. চিনির বলদ 	খ. কান কাটা 	গ. জিলাপির প্যাচ 	ঘ. ঠোঁট-কাটা 	**উত্তর: খ**

ব্যাখ্যা : কান কাটা বাগধারার অর্থ নির্লজ্জ, বেহায়া। 'চিনির বলদ' অর্থ নিষ্ফল পরিশ্রম, 'জিলাপির প্যাঁচ' অর্থ কুটিলতা, 'ঠোঁট কাটা' অর্থ স্পষ্টভাষী।

৪৫. 'ব্যাঙের আধুলি' বাগধারাটির অর্থ কী? [জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর-২৩]
ক. অর্থহীন 	খ. সামান্য অর্থ 	গ. অর্থের অহংকার 	ঘ. নিস্বার্থ 	**উত্তর: খ**

ব্যাখ্যা : 'ব্যাঙের আধুলি' অর্থ- সামান্য ধনের অহংকার। 'ব্যাঙের সর্দি' অর্থ- অসম্ভব ঘটনা।

৪৬. 'কলমের এক খোঁচা' বাগধারাটির অর্থ কী? [সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের অধীন জুনিয়র শিক্ষক-২৩]
ক. চূড়ান্ত মীমাংসা 	খ. লিখিত আদেশ 	গ. পত্র লিখন 	ঘ. ধ্বংস করা 	**উত্তর: খ**

ব্যাখ্যা : 'কলমের খোঁচা' বাগধারাটির অর্থ- অন্যের অনিষ্ট করার উদ্দেশ্যে লিখিত আদেশ।

৪৭. 'শিয়ালের যুক্তি' বাগধারাটির অর্থ কি? [সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশনের সহকারী ব্যবস্থাপক-২৩]
ক. পাণ্ডিত্য কথা 	খ. অকেজো যুক্তি 	গ. দীর্ঘ প্রত্যাশা 	ঘ. গুরুতর যুক্তি 	**উত্তর: খ**

৪৮. 'ঠক বাছতে গাঁ উজাড়'- প্রবাদটির অর্থ কী? [ফায়ার সার্ভিসের ফায়ার ফাইটার-২৩]
ক. ভালো মানুষের অভাব 	খ. চোর ধরতে গিয়ে গ্রামে আগুন দেওয়া
গ. টাকায় সব হয় 	ঘ. নিস্ফল প্রয়াস 	**উত্তর: ক**

ব্যাখ্যা : 'ঠক বাছতে গাঁ উজাড়' প্রবাদটির অর্থ- মন্দ লোক বেশি হলে ভালো লোক পাওয়া কঠিন।

৪৯. 'সস্তার তিন অবস্থা'-র অর্থ কী? [সিনিয়র স্টাফ নার্স নিয়োগ-২৩]
ক. সুলভ জিনিস ভালো না 	খ. সুলভ জিনিস কেনা খারাপ
গ. কমদামী জিনিস খারাপ 	ঘ. সুলভ জিনিসের নানা দোষ 	**উত্তর: ঘ**

৫০. 'মুখ তোলা' বাক্যাংশের অর্থ কী? [সিনিয়র স্টাফ নার্স নিয়োগ-২৩]
ক. নিজের মুখ উপরে তোলা 	খ. অন্যের মুখ তুলে ধরা 	গ. নষ্ট করা 	ঘ. প্রসন্ন হওয়া 	**উত্তর: ঘ**

ব্যাখ্যা : 'মুখ তোলা' অর্থ প্রসন্ন হওয়া। 'মুখ থাকা' অর্থ সম্মান রক্ষা হওয়া। 'মুখ ফোটা' অর্থ কথা বলা।

৫১. 'ধান ভানতে শিবের গীত'- এ প্রবাদটি দিয়ে কি বোঝায়? [কর্মসংস্থান ব্যাংক ডাটা এন্ট্রি অপারেটর-২৩]
ক. একের জন্য অপরের জন্য দুশ্চিন্তাগ্রস্ত হওয়া 	খ. প্রসঙ্গ ছেড়ে অপ্রসঙ্গ কথা বলা
গ. কাজ আরম্ভ করার সাথে সাথে ফল প্রত্যাশা করা 	ঘ. ক্ষুদে ব্যক্তির বড়াই 	**উত্তর: খ**

৫২. 'খুঁটির জোরে ভেড়া নাচে।'- প্রবাদ প্রবচনটির অর্থ কি? *[মোংলা বন্দর কর্তৃপক্ষের জুনিয়র আউটডোর অ্যাসিস্ট্যান্ট-২৩]*
ক. শক্তিমানের সাহায্যে শক্তি বৃদ্ধি খ. কষ্টের ওপর কষ্ট দেওয়া
গ. অপ্রাসঙ্গিক কথা বলা ঘ. কোনটিই নয়
**উত্তর: ক**

*ব্যাখ্যা : 'খুঁটির জোরে ভেড়া নাচে' প্রবাদ প্রবচনটির অর্থ- শক্তিমানের সাহায্যে শক্তি বৃদ্ধি বা প্রভাবশালীর দাপটে অন্যের বাহাদুরী।*

৫৩. 'গুড়ে বালি' কথাটির অর্থ কি? *[বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের গ্রাউন্ড সার্ভিস অ্যাসিস্ট্যান্ট-২৩]*
ক. বাতাসে বালি খ. আশায় নৈরাশ্য গ. ভালোতে খারাপ ঘ. গোবরে পদ্মফুল
**উত্তর: খ**

৫৪. 'বাজারে কাটা' প্রবাদ প্রবচনের অর্থ কি? *[মোংলা বন্দর কর্তৃপক্ষের জুনিয়র আউটডোর অ্যাসিস্ট্যান্ট-২৩]*
ক. মন্দা ভাব খ. বিক্রি হওয়া গ. লাভজনক ঘ. মন্দ ভাগ্য
**উত্তর: খ**

৫৫. 'কচুকাটা করা' বাগধারাটির অর্থ কি? *[বন অধিদপ্তরের অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক-২৩]*
ক. কচু কেটে ফেলা খ. হত্যা করা গ. সফলতা লাভ ঘ. ধ্বংস করা
**উত্তর: ঘ**

৫৬. 'মাথা ঘামানো' বাগধারাটির অর্থ কী? *[বাংলাদেশ সুপ্রিম কোর্টের (হাইকোর্ট বিভাগ) প্রটোকল অফিসার-২৩]*
ক. অসুস্থ বোধ করা খ. ভাবনা করা গ. মনোযোগী হওয়া ঘ. অস্বস্তি বোধ করা
**উত্তর: খ**

৫৭. 'হাত চালাও' বাগধারাটির অর্থ কী? *[বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের এরোড্রাম কর্মকর্তা-২৩]*
ক. মার দাও খ. দক্ষ হও গ. সাহায্য চাও ঘ. তাড়াতাড়ি করা
**উত্তর: ঘ**

৫৮. 'সপ্তমে চড়া' বাগধারাটির অর্থ কী? *[পোস্টমাস্টার জেনারেল (পূর্বাঞ্চল, চট্টগ্রাম)-এর কার্যালয়ের পোস্টাল অপারেটর-২৩]*
ক. প্রচণ্ড উত্তেজনা খ. রাশভারী গ. প্রবল আনন্দিত ঘ. অপ্রত্যাশিত বিপদ
**উত্তর: ক**

*ব্যাখ্যা : 'সপ্তমে চড়া' (আলংকারিক অর্থ) প্রচণ্ড উত্তেজনা, রাগে চিৎকার করা। সঙ্গীতের স্বরগ্রামের সর্বোচ্চ সুর 'নি' (সা রে গা মা পা ধা নি) হচ্ছে সপ্তম। 'সপ্তমে চড়া'র মূল অর্থ হচ্ছে স্বরগ্রামের সপ্তম সুরে ওঠা। তাই উচ্চৈঃস্বরে কথা বলা বা চিৎকার করা বুঝাতে 'সপ্তমে চড়া' ব্যবহার করা হয়।*

৫৯. 'কেষ্ট বিষ্টু'- এর অর্থ কী? *[স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের কমিউনিটি অর্গানাইজার-২৩]*
ক. প্রণাম খ. উভয় সংকট গ. লন্ড ভন্ড ঘ. গণ্যমান্য
**উত্তর: ঘ**

*ব্যাখ্যা : কেষ্ট বিষ্টু- (ব্যঙ্গার্থে) গণ্যমান্য, হোমরা-চোমরা ব্যক্তি।*

৬০. 'বিড়ালের আড়াই পা' বাগধারাটির অর্থ কি? *[পোস্টমাস্টার জেনারেল (পূর্বাঞ্চল, চট্টগ্রাম)-এর কার্যালয়ের পোস্টম্যান-২৩]*
ক. বেহায়াপনা খ. লম্পঝাপ গ. লাফালাফি ঘ. লজ্জা
**উত্তর: ক**

*ব্যাখ্যা : বিড়ালকে তাড়িয়ে দেওয়ার পর বিড়াল আড়াই পা যেতে না যেতেই আবার ফিরে আসে। ক্ষণকাল পরেই সে মান অভিমান ভুলে যায়। 'বিড়ালের আড়াই পা' অর্থ- বেহায়াপনা, বিড়াল তপস্বী অর্থ- ভণ্ড।*

৬১. 'শকুনি মামা' অর্থ কি? *[বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের সাব এসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার-২৩]*
ক. কুৎসিত মামা খ. সৎ মামা গ. কুচক্রী লোক ঘ. পাতানো মামা
**উত্তর: গ**

*ব্যাখ্যা : শকুনি মামা- যে ব্যক্তি কূটবুদ্ধি দিয়ে গৃহবিবাদ বাধায়।*

৬২. 'অষ্টরম্ভা' বাগধারাটির অর্থ কি? *[বাংলাদেশ ডাক বিভাগের মেইল অপারেটর-২৩]*
ক. সম্পূর্ণভাবে খ. ফাঁকি গ. অপদার্থ ঘ. অলস
**উত্তর: [illegible]**

*ব্যাখ্যা : 'অষ্টরম্ভা' বাগধারাটির মূল অর্থ- কিছুই না, ফাঁকি। [বাংলা একাডেমি ব্যবহারিক বাংলা অভিধান]*

৬৩. 'আঠারো আনা' বাগধারাটির অর্থ- *[ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশনের টেকনিক্যাল অফিসার-২৩]*
ক. বাড়াবাড়ি খ. দীর্ঘসূত্রিতা গ. বেখাপ্পা ঘ. অসম্ভব ব্যাপার
**উত্তর: [illegible]**

*ব্যাখ্যা : আঠারো আনা বাগধারাটির অর্থ বাড়াবাড়ি, সমূহ সম্ভাবনা।*

৬৪. 'দেয়াসিনি' কথাটির অর্থ কী? *[বাংলাদেশ ডাক বিভাগের (খুলনা) পোস্টাল অপারেটর-২৩]*
ক. দেবকন্যা খ. দিনের অবসান গ. দিয়ে এসেছো নাকি ঘ. এক প্রকার দেশি খাবার
**উত্তর: [illegible]**

৬৫. 'শ্রমবিমুখ' অর্থ কোন বাগধারার মধ্যে রয়েছে? *[ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশনের প্রমোশন অফিসার-২৩]*
ক. আমড়া কাঠের ঢেঁকি খ. ননীর পুতুল গ. খয়ের খাঁ ঘ. ঠোঁট কাটা
**উত্তর: [illegible]**

৬৬. 'হাল বায় না তেড়ে গুঁতোয়' বাগধারাটির অর্থ- *[স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের সাঁটলিপিকার-২৩]*
ক. স্বল্পকালীন হুজুগ খ. সুযোগসন্ধানী গ. সংকটে পড়া ঘ. কুকাজে পটুত্ব **উত্তর: ঘ**

৬৭. 'নেই আঁকড়া' এর সঠিক অর্থ- *[পায়রা বন্দর কর্তৃপক্ষের অফিস সহায়ক-২৩]*
ক. কুটিল খ. সখ্যতা গ. সামান্য ঘ. একগুঁয়ে **উত্তর: ঘ**

ব্যাখ্যা : নেই আঁকড়া অর্থ একগুঁয়ে, নাছোড়বান্দা।

৬৮. 'উনকোটি চৌষট্টি' এ বাগধারার অর্থ কি? *[ভূমি মন্ত্রণালয়ের নিরীক্ষক-২৩]*
ক. অপদার্থ খ. পাগলামি গ. অপব্যয়ী ঘ. প্রায় সম্পূর্ণ **উত্তর: ঘ**

ব্যাখ্যা : 'উনকোটি চৌষট্টি' বাগধারার অর্থ- প্রায় সম্পূর্ণ। 'উনপাঁজুরে' বাগধারার অর্থ- অক্ষম, অপদার্থ। 'উপনপঞ্চাশ বায়ু' বাগধারার অর্থ- পাগলামি। 'উড়নপেকে' বাগধারার অর্থ- অপব্যয়ী।

৬৯. 'আকুপাকু' বাগধারার সঠিক অর্থ কি? *[বাংলাদেশ ডাক বিভাগের পোস্টাল অপারেটর-২৩]*
ক. হম্বিতম্বি খ. ঝাঁকুনি দেয়া গ. ন্যাকামি ঘ. ব্যস্ততার ভাব **উত্তর: ঘ**

৭০. 'গোকুলের ষাঁড়' এর অর্থ কী? *[বন অধিদপ্তরের (রাজশাহী ও রংপুর বিভাগ) বন প্রহরী-২৩]*
ক. দুর্লভ বস্তু খ. দুর্বল ও ব্যক্তিত্বহীন গ. স্বেচ্ছাচারী ঘ. অপদার্থ **উত্তর: গ**

৭১. 'দিবাস্বপ্ন' বাগধারার অর্থ কোনটি? *[বন অধিদপ্তরের (রাজশাহী ও রংপুর বিভাগ) বন প্রহরী-২৩]*
ক. অলীক কল্পনা খ. দিনের বেলায় যে স্বপ্ন দেখা হয় গ. জেগে জেগে স্বপ্ন দেখা ঘ. অসম্ভব কল্পনা **উত্তর: ক**

৭২. 'কেতা দুরস্ত' বাগধারাটির অর্থ কী? *[বাংলাদেশ নির্বাচন কমিশনের স্টোর কিপার-২৩]*
ক. সামান্য খ. পরিশ্রমী গ. পরিপাটি ঘ. নিতান্ত অলস **উত্তর: গ**

৭৩. 'পঞ্চত্বপ্রাপ্তি' বলতে কী বোঝায়? *[বাংলাদেশ নির্বাচন কমিশনের কম্পিউটার মুদ্রাক্ষরিক-২৩]*
ক. বিবাহ খ. মৃত্যু গ. অনুগ্রহ ঘ. পুত্র লাভ **উত্তর: খ**

৭৪. 'কচুবনের কালাচাঁদ' বলতে বুঝায়- *[বাংলাদেশ নির্বাচন কমিশনের কম্পিউটার মুদ্রাক্ষরিক-২৩]*
ক. তোষামুদে খ. স্বেচ্ছাচারী গ. কাণ্ডজ্ঞানহীন ঘ. অপদার্থ **উত্তর: ঘ**

৭৫. 'পেটের ভাত চাল হওয়া' বাগধারাটির অর্থ- *[সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের জুনিয়র শিক্ষক-২৩]*
ক. অতিরিক্ত দুর্ভাবনায় পড়া খ. বেশি ভয় পাওয়া
গ. মোটেও হজম না হওয়া ঘ. তীব্র ক্ষুধায় কাতর হওয়া **উত্তর: ক**

৭৬. 'তুলসী বনের বাঘ' এর অর্থ কোনটি? *[প্রাণিসম্পদ অধিদপ্তরের ল্যাবরেটরী টেকনিশিয়ান-২৩]*
ক. ভণ্ড খ. সামান্য ত্রুটি গ. অতিশয় পণ্ডিত ঘ. বহিপীর **উত্তর: ক**

ব্যাখ্যা : 'তুলসী বনের বাঘ' বাগধারার অর্থ ভণ্ড। 'পান থেকে চুন খসা' প্রবচনের অর্থ সামান্য ত্রুটি, 'বিদ্যার জাহাজ' বাগধারার অর্থ অতিশয় পণ্ডিত।

৭৭. 'তাসের ঘর' বাগধারার অর্থ কি? *[মন্ত্রিপরিষদ বিভাগের অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক-২৩]*
ক. তাস খেলার ঘর খ. দীর্ঘস্থায়ী গ. পূর্ণস্থায়ী ঘ. ক্ষণস্থায়ী **উত্তর: ঘ**

৭৮. 'পা চালাও' বলতে বোঝায়- *[প্রাণিসম্পদ অধিদপ্তরের ল্যাবরেটরী টেকনিশিয়ান-২৩]*
ক. লাথি মারো খ. দ্রুত চলা গ. পায়ের কাজ করা ঘ. পা কাজে লাগাও **উত্তর: খ**

৭৯. 'খেউর গাওয়া' বাগধারার অর্থ কি? *[সমবায় অধিদপ্তরের সহকারী পরিদর্শক-২৩]*
ক. গালাগালি করা খ. প্রলাপ বকা গ. এক ধরনের গান ঘ. প্রশংসা করা **উত্তর: ক**

৮০. 'হাড় হাভাতে' বাগধারার অর্থ কী? *[স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের কার্য সহকারী-২৩]*
ক. রোগা খ. হতভাগ্য গ. ক্ষুধার্ত ঘ. দরিদ্র **উত্তর: খ**

ব্যাখ্যা : 'হাড় হাভাতে' বাগধারার অর্থ হতভাগ্য, একেবারে নিঃস্ব।

৮১. 'পায়ের তলায় সর্ষে' বাগধারার অর্থ কী? *[বাংলাদেশ টেলিভিশনের উপ-সহকারী প্রকৌশলী-২৩]*
ক. অনুক্ষণে খ. আসন্ন বিপদ গ. অস্থির ঘ. অকর্মণ্য
**উত্তর: গ**
*ব্যাখ্যা : 'পায়ের তলায় সর্ষে' বাগধারার অর্থ- ঘুরে বেড়ানো, অস্থির, এক জায়গায় বেশিক্ষণ থাকতে পারে না এমন। সাধারণত ভ্রমণপিপাসু মানুষের ক্ষেত্রে এটি ব্যবহার করা হয়।*

৮২. 'সাপের পাঁচ পা দেখা'- বাগধারার অর্থ কি? *[স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের কার্য সহকারী-২৩]*
ক. ভয় পাওয়া খ. অর্থহীন কথা গ. অন্ধকার দেখা ঘ. অহংকারে অসম্ভবকে সম্ভব মনে করা
**উত্তর: ঘ**
*ব্যাখ্যা : সাপের পাঁচ পা দেখা- দর্প, সাপে নেউলে- শত্রুতা, সাপের হাঁড়ি- সামান্য কারণেই রেগে যায় এমন নারী।*

৮৩. 'অথৈ জল' বাগধারার অর্থ কী? *[গ্রামীণ ব্যাংকের শিক্ষানবিশ কেন্দ্র ব্যবস্থাপক-২৩]*
ক. সাংঘাতিক খ. অগ্নি গ. ভীষণ বিপদ ঘ. অকেজো
**উত্তর: গ**
*ব্যাখ্যা : 'অথৈ জল' বাগধারার অর্থ- গভীর সংকট, ভীষণ বিপদ।*

৮৪. 'মুহূর্তে অভিমান ভোলা' এ অর্থে কোন বাগধারাটি ব্যবহার হয়ে থাকে? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের মেডিকেল টেকনোলজিস্ট (ল্যাব)-২৩]*
ক. বিড়াল তপস্বী খ. বিড়ালের আড়াই পা গ. ভেজা বিড়াল ঘ. ভুঁইফোড়
**উত্তর: খ**
*ব্যাখ্যা : বিড়ালকে তাড়িয়ে দেওয়ার পর বিড়াল আড়াই পা যেতে না যেতেই আবার ফিরে আসে। ক্ষণকাল পরেই সে মান অভিমান ভুলে যায়।*

৮৫. 'ছা-পোষা' বাগধারাটির অর্থ কী? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার পরিকল্পনা পরিদর্শিকা-২৩]*
ক. অত্যন্ত গরিব খ. সামান্য ব্যক্তি গ. খুব অলস ঘ. চাটুকার
**উত্তর: ক**
*ব্যাখ্যা : ছা-পোষা বাগধারাটির অর্থ- পোষ্য ভারাক্রান্ত, অত্যন্ত গরিব।*

৮৬. 'ঠোঁটকাটা' বাগধারাটির অর্থ কি? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের এমএলএসএস/নিরাপত্তা প্রহরী-২৩]*
ক. রাগী লোক খ. বেয়ারা লোক গ. মন্দ লোক ঘ. বেহায়া
**উত্তর: ঘ**
*ব্যাখ্যা : 'ঠোঁটকাটা' বাগধারাটির অর্থ- ১. স্পষ্টবাদী, যে অপ্রিয় কথা বলতে দ্বিধাবোধ করে না। ২. নির্লজ্জ, বেহায়া।*

৮৭. নিচের কোন বাগধারা 'পটল তোলা' বাগধারার সমার্থক? *[পিএসসি'র জুনিয়র ইন্সট্রাক্টর-২৩]*
ক. ভূতের বাপের শ্রাদ্ধ খ. ভবভূতির পথে গ. ভবলীলা সাঙ্গ ঘ. পরের ধনে পোদ্দারি
**উত্তর: গ**
*ব্যাখ্যা : 'পটল তোলা' অর্থ মারা যাওয়া। এর সমার্থক বাগধারা 'ভবলীলা সাঙ্গ করা'।*

৮৮. 'ঝোলের লাউ অম্বলের কদু' বাগধারার অর্থ কী? *[বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের এডমিন অ্যাসিস্ট্যান্ট-২৩]*
ক. জীর্ণশীর্ণ লোক খ. মিশিয়ে ফেলা গ. সব পক্ষের মন যুগিয়ে চলা ঘ. পুঁথিগত বিদ্যা
**উত্তর: গ**
*ব্যাখ্যা : 'ঝোলের লাউ অম্বলের কদু' অর্থ সব পক্ষের মন যুগিয়ে চলা। 'ঝোলে অম্বলে এক করা' অর্থ মিশিয়ে ফেলা।*

৮৯. 'সাক্ষী গোপাল' অর্থ কী? *[১৭তম বেসরকারি শিক্ষক নিবন্ধন (কলেজ)-২২]*
ক. অপদার্থ খ. নিষ্ক্রিয় দর্শক গ. মূর্খ ঘ. নিরেট বোকা
**উত্তর: খ**

৯০. 'পত্রপাঠ' বাগধারাটির অর্থ কি? *[১৭তম বেসরকারি শিক্ষক নিবন্ধন (স্কুল)-২২]*
ক. গোপন চুক্তি খ. বৃহৎ ব্যাপার গ. অবিলম্ব ঘ. দীর্ঘস্থায়ী
**উত্তর: গ**
*ব্যাখ্যা : 'পত্রপাঠ' বাগধারাটির অর্থ অবিলম্বে/সঙ্গে সঙ্গে/তৎক্ষণাৎ।*

৯১. নিচের কোন সমার্থক নয়? *[বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের ওয়ারহাউস সুপারিনটেনডেন্ট ও ক্যাশিয়ার-২২]*
ক. আটকপালে - ইঁদুর কপালে খ. অকাল কুষ্মাণ্ড - আমড়া কাঠের ঢেঁকি
গ. ঢাকের কাঠি - খয়ের খাঁ ঘ. গোঁফ খেজুরে - কাছা ঢিলা
**উত্তর: ঘ**
*ব্যাখ্যা : গোঁফ খেজুরে অর্থ নিতান্ত অলস, কাছা ঢিলা অর্থ অসাবধান। আটকপালে-ইঁদুর কপালে= মন্দভাগ্য, অকাল কুষ্মাণ্ড-আমড়া কাঠের ঢেঁকি= অপদার্থ, ঢাকের কাঠি-খয়ের খাঁ= তোষামোদকারী।*

৯২. 'হাতভারি' বাগধারাটির অর্থ কি? *[পল্লী উন্নয়ন বোর্ডের হিসাবরক্ষক-২২]*
ক. দাতা খ. দরিদ্র গ. কৃপণ ঘ. ধনী
**উত্তর: গ**

৯৩. 'মুখচোরা'-এর সঠিক অর্থ কোনটি? *[পল্লী উন্নয়ন বোর্ডের হিসাবরক্ষক-২২]*
ক. ভীরু খ. লাজুক গ. সংযত ঘ. মুখ চুরি করে যে **উত্তর: খ**

৯৪. 'উড়নচণ্ডী' অর্থ কী? *[কোভিড-১৯ ইমার্জেন্সি প্রকল্পের ওয়ার্ড বয়-২২]*
ক. অমিতব্যয়ী খ. উচ্ছৃঙ্খল গ. অবাধ্য ঘ. কাটা ঘুড়ি **উত্তর: ক**

৯৫. 'বড়র পীরিতি বালির বাঁধ' বাগধারাটির অর্থ হচ্ছে- *[পোস্টমাস্টার জেনারেল (উত্তরাঞ্চল)-র উচ্চমান সহকারী-২২]*
ক. ভঙ্গুর খ. চাপের মুখে ভেঙ্গে যায় গ. একতরফা ঘ. কোন বাধ্যবাধকতা নেই **উত্তর: ক**

৯৬. 'উজানের কৈ' বাগধারাটির অর্থ কি? *[বাংলাদেশ রেলওয়ের পয়েন্টসম্যান-২২]*
ক. মন্দভাগ্য খ. বাহ্যিক গ. সহজলভ্য ঘ. অপদার্থ **উত্তর: গ**
*ব্যাখ্যা : উজানের কৈ- সহজলভ্য, ইঁদুর কপালে- মন্দভাগ্য, অকাল কুষ্মাণ্ড অর্থ- অপদার্থ।*

৯৭. 'দুধের মাছি' এর সমার্থক বাগধারা কোনটি? *[বিআরটিসির কাউন্টারম্যান (গ্রেড ডি)-২২]*
ক. বসন্তের কোকিল খ. অর্ধচন্দ্র গ. অহিনকুল ঘ. ইচড়ে পাকা **উত্তর: ক**
*ব্যাখ্যা : 'দুধের মাছি' এর সমার্থক বাগধারা 'বসন্তের কোকিল'। দুধের মাছি ও বসন্তের কোকিল বাগধারা অর্থ সুসময়ের বন্ধু।*

৯৮. কোন জোড়াটি সমার্থক? *[বন অধিদপ্তরের জুনিয়র ওয়াইল্ড লাইফ স্কাউট-২২]*
ক. অহিনকুল - দা-কুমড়া খ. আকাশ কুসুম - আকাশ পাতাল
গ. অগ্নিপরীক্ষা - চোখের বালি ঘ. অদৃষ্টের পরিহাস - তাসের ঘর **উত্তর: ক**
*ব্যাখ্যা : অহিনকুল, দা-কুমড়া, সাপে নেওলে- এগুলো সমার্থক বাগধারা। এদের অর্থ হচ্ছে ভীষণ শত্রুতা। এছাড়া আকাশ কুসুম = অবাস্তব কল্পনা, আকাশ পাতাল = প্রচুর ব্যবধান, অগ্নিপরীক্ষা = কঠিন পরীক্ষা, চোখের বালি = অপ্রিয়, অদৃষ্টের পরিহাস = ভাগ্যের বিড়ম্বনা, তাসের ঘর = ক্ষণস্থায়ী।*

৯৯. 'কার্যে বিরতি' অর্থে কোন বাগধারাটি প্রযোজ্য? *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক-২২]*
ক. হাত আসা খ. হাত থাকা গ. হাত গুটান ঘ. হাত করা **উত্তর: গ**

১০০. 'ইঁদুর কপালে'এর বিপরীত বাগধারা- *[বিটিসিএলের জুনিয়র অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার-২২]*
ক. অদৃষ্টের পরিহাস খ. একাদশে বৃহস্পতি গ. অন্ধকার দেখা ঘ. কেউকাটা **উত্তর: খ**
*ব্যাখ্যা : ইঁদুর কপালে অর্থ- মন্দভাগ্য, একাদশে বৃহস্পতি অর্থ- সৌভাগ্যের বিষয়, অদৃষ্টের পরিহাস অর্থ- ভাগ্যের নিষ্ঠুরতা, কেউকাটা- সামান্য।*

১০১. কোন বাগধারাটি অর্থ 'নিরেট মূর্খ' *[পিএসসির অধীনে সহকারী ইঞ্জিনিয়ার-২২]*
ক. নেই আকড়া খ. পালের গোদা গ. বুদ্ধির ঢেঁকি ঘ. সাক্ষী গোপাল **উত্তর: গ**
*ব্যাখ্যা : বুদ্ধির ঢেঁকি- নিরেট মূর্খ, নেই আঁকড়া- একগুয়ে/নাছোড়বান্দা। পালের গোদা- সর্দার, সাক্ষী গোপাল- নিষ্ক্রিয় দর্শক।*

১০২. 'খণ্ড প্রলয়' বাগধারাটির অর্থ কী? *[খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক-২১]*
ক. সামান্য বস্তু খ. কোলাহল গ. ভীষণ ব্যাপার ঘ. ভীষণ গন্ডগোল **উত্তর: ঘ**

১০৩. 'অকূল পাথার' বাগধারাটির অর্থ কী? *[ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানীর (DPDC) সুইচ বোর্ড এটেনডেন্ট-২১]*
ক. মহা সমস্যা খ. ভীষণ ভয় গ. ভীষণ বিপদ ঘ. মহা ঝামেলা **উত্তর: গ**

১০৪. 'সাত সতেরো' বাগধারার অর্থ কি? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের হিসাব সহকারী-২১]*
ক. বিশৃঙ্খল অবস্থা খ. অপ্রয়োজনীয় কথা গ. সুসময় ঘ. দুঃসময় **উত্তর: খ**
*ব্যাখ্যা : 'সাত সতেরো' বাগধারার অর্থ বহুবিধ, নানাপ্রকার, অপ্রয়োজনীয়।*

১০৫. 'চিনির বলদ' বাগধারাটির অর্থ কী? *[বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) চিফ অডিটর-২১]*
ক. নিস্ফল পরিশ্রম খ. সস্তা দাম গ. নিষ্ক্রিয় বস্তু ঘ. অপদার্থ **উত্তর: ঘ**
*ব্যাখ্যা : 'চিনির বলদ' অর্থ নিষ্ফল পরিশ্রম। 'কলুর বলদ' অর্থ পরাধীন বা নির্বিকারে যে পরিশ্রম করে।*

১০৬. 'আট কপালে' বাগধারার অর্থ কি? *[CGA-এর কার্যালয়ের অধীন অডিটর-২১]*
ক. মন্দ মানুষ খ. খারাপ মানুষ গ. উন মানুষ ঘ. হতভাগ্য **উত্তর: ঘ**

১০৭. 'চিনির বলদ'-বাগধারাটির অর্থ কী? *[বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন(বিসিক)-র চিফ অডিটর-২১]*
ক. নিষ্ফল পরিশ্রম খ. সস্তা দাম গ. নিষ্ক্রিয় বস্তু ঘ. অপদার্থ **উত্তর: ক**

১০৮. 'চিড়ে চ্যাপ্টা' প্রবাদটির অর্থ- *[কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্টোর কিপার-২১]*
ক. চেপটা চিঁড়ে খ. নাজেহাল গ. বিপদগ্রস্ত ঘ. ব্যর্থ **উত্তর: খ**
*ব্যাখ্যা : 'চিড়ে চ্যাপ্টা' অর্থ হলো প্রবল চাপে চিড়ের মতো চ্যাপ্টা হয়ে যাওয়া; নাজেহাল বা নাস্তানাবুদ অবস্থা।*

১০৯. 'বিধির বিড়ম্বনা' এর বাগধারা কী? *[বেসামরিক বিমানের সহকারী নিরাপত্তা কর্মকর্তা-২১]*
ক. অলক্ষ্মীর দশা খ. অগ্নি পরীক্ষা গ. অদৃষ্টের পরিহাস ঘ. আটক **উত্তর: গ**
*ব্যাখ্যা : 'অদৃষ্টের পরিহাস' বাগধারার অর্থ বিধির বিড়ম্বনা বা ভাগ্যের বিড়ম্বনা।*

১১০. 'অন্ধিসন্ধি' বাগধারাটির অর্থ কি? *[মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের প্রদর্শক-২১]*
ক. গোপন তথ্য খ. বিশ্বাসঘাতকতা গ. বেফাস কথা ঘ. ষড়যন্ত্র **উত্তর: ক**

১১১. 'নাড়াবুনে' বাগধারার সঠিক অর্থ কোনটি? *[মাউশির স্টোরকিপার-২১]*
ক. বুনো খ. শহুরে গ. মূর্খ ঘ. অলস **উত্তর: গ**

১১২. 'কান ভারী করা' বাগধারাটির অর্থ- *[কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-সহকারী কৃষি কর্মকর্তা-২১]*
ক. কানে প্রলেপ দেওয়া খ. কুপরামর্শ দেওয়া গ. কানে কম শোনা ঘ. কানে ওজনদার গহনা পরা **উত্তর: খ**

১১৩. নিচের কোন বাগধারাটি ব্যতিক্রম? *[NSI-এর সহকারী পরিচালক-২১]*
ক. বিড়াল তপস্বী খ. বক ধার্মিক গ. ভিজে বিড়াল ঘ. ধর্মপুত্র যুধিষ্ঠির **উত্তর: ঘ**
*ব্যাখ্যা : বিড়াল তপস্বী, বক ধার্মিক, ভিজে বিড়াল- এই তিনটি বাগধারার অর্থই কপট বা ভণ্ড।*

১১৪. 'নাছোড়বান্দা' অর্থ প্রকাশ করে কোন বাগধারাটি? *[BCIC-এর সহকারী প্রশাসনিক কর্মকর্তা-২১]*
ক. খয়ের খাঁ খ. তীর্থের কাক গ. চীনে জোঁক ঘ. মণিকাঞ্চন যোগ **উত্তর: গ**
*ব্যাখ্যা : চীনে জোঁক অর্থ নাছোড়বান্দা। খয়ের খাঁ অর্থ তোষামোদকারী, তীর্থের কাক অর্থ প্রতিক্ষারত, মণিকাঞ্চন যোগ অর্থ উপযুক্ত মিলন।*

১১৫. 'পাওয়ার আগে ভোগের আয়োজন' এ কথাটির প্রবাদ বাক্য কোনটি? *[বেসামরিক বিমানের সহকারী নিরাপত্তা কর্মকর্তা-২১]*
ক. খাল কেটে কুমির আনা খ. ঝোপ বুঝে কোপ মারা
গ. ছাই ফেলতে ভাঙা কুলো ঘ. গাছে কাঁঠাল গোঁফে তেল **উত্তর: ঘ**

১১৬. 'কচ্ছপের কামড়' বাগধারাটির অর্থ? *[মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সিপাহী-২১]*
ক. কঠিন কামড় খ. অলসতা গ. কঠিন কাজে সফল হওয়া ঘ. নাছোড়বান্দা **উত্তর: ঘ**
*ব্যাখ্যা : কচ্ছপের কামড় বাগধারাটির অর্থ- নাছোড়বান্দা, যা সহজে ছাড়ে না।*

১১৭. 'দহরম মহরম' এর বিপরীত বাগধারা কোনটি? *[বিটিআরসি উপ-সহকারী পরিচালক (কারিগরি)-২১]*
ক. জিলাপির প্যাঁচ খ. অহিনকুল গ. দুধের মাছি ঘ. বসন্তের কোকিল **উত্তর: খ**
*ব্যাখ্যা : দহরম মহরম অর্থ সুসম্পর্ক। এর বিপরীত বাগধারা অহিনকুল অর্থ চির শত্রুতা। জিলাপির প্যাঁচ অর্থ- কুটিলতা। দুধের মাছি ও বসন্তের কোকিল বাগধারা অর্থ সুসময়ের বন্ধু।*

১১৮. 'পুঁটি মাছের প্রাণ' বাগধারাটির অর্থ কি? *[বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের সহকারী ইঞ্জিনিয়ার-২০]*
ক. সামান্য ত্রুটি খ. অসম্ভব কিপটে গ. ক্ষীণজীবী ঘ. দীর্ঘজীবী **উত্তর: গ**
*ব্যাখ্যা : পুঁটি মাছের প্রাণ-ক্ষীণজীবী, কৈ মাছের প্রাণ- দীর্ঘজীবী।*

১১৯. 'ধর্মের ষাঁড়' বাগধারাটির অর্থ কী? *[সুন্দরবন গ্যাসফিল্ডের সহকারী কো-অর্ডিনেটর-২০]*
ক. বক ধার্মিক খ. তোষামোদকারী গ. শক্র প্রাণ ঘ. অকর্মণ্য **উত্তর: ঘ**

১২০. 'হাড়ে বাতাস লাগা' বাগধারাটির অর্থ কি? *[NSI-এর সহকারী পরিচালক-১৯]*
ক. মীমাংসা খ. সুন্দর মিল গ. সুযোগ নষ্ট করা ঘ. কোনটিই নয় **উত্তর: ঘ**
*ব্যাখ্যা : 'হাড়ে বাতাস লাগা' বাগধারাটির অর্থ স্বস্তি পাওয়া বা শান্তি পাওয়া।*

১২১. 'বক দেখানো' বাগধারাটির অর্থ কি? [CGDF-এর কার্যালয়ের অধীন অডিটর-১৯]
ক. মামলার ভয় খ. অশোভনভাবে বিদ্রূপ করা গ. ভয়ানক প্রতারণা ঘ. সুকঠিন প্রতিজ্ঞা করা **উত্তর: খ**

১২২. 'বাঘের মাসি' বাগধারাটির অর্থ কি? [বিসিক এর এক্সটেনশন অফিসার নিয়োগ-১৯]
ক. ভয়াতুর খ. ধনী ব্যক্তি গ. গরীব মানুষ ঘ. আরাম প্রিয় মানুষ **উত্তর: ঘ**

১২৩. 'চোখ পাকানো' বাগধারাটির সঠিক অর্থ কি? [NSI-এর জুনিয়র ফিল্ড অফিসার নিয়োগ-১৯]
ক. ইঙ্গিত করা খ. ক্রোধ দেখানো গ. সতর্ক করা ঘ. ফাঁকি দেয়া **উত্তর: খ**

১২৪. 'অক্কা পাওয়া' বাগধারাটির প্রকৃত অর্থ কোনটি? [পরীক্ষণ বিদ্যালয়ের শিক্ষক নিয়োগ-১৯]
ক. ঝরে যাওয়া খ. পড়ে যাওয়া গ. মরে যাওয়া ঘ. নিষ্কৃতি পাওয়া **উত্তর: গ**

ব্যাখ্যা : ফারসি 'আকা' থেকে অক্কা শব্দটি এসেছে। এর অর্থ ঈশ্বর বা প্রভু। 'অক্কা পাওয়া' শব্দের সাধারণ অর্থ ঈশ্বরকে পাওয়া। কেউ মারা গেলে বলা হয়, ঈশ্বরের কাছে চলে গেছে বা ঈশ্বর তাকে নিয়ে গেছে। তাই মারা যাওয়া বোঝাতে আলংকারিকভাবে অক্কা পাওয়া বলা হয়।

১২৫. 'হা-ঘরে' বাগধারার অর্থ কি? [NSI-এর জুনিয়র ফিল্ড অফিসার নিয়োগ-১৯]
ক. পেটুক খ. হতভাগ্য গ. ক্ষুধার্ত ঘ. গৃহহীন **উত্তর: ঘ**

১২৬. 'কথার তুবড়ি' এর অর্থ কি? [CGDF-এর কার্যালয়ের অধীন অডিটর-১৯]
ক. অকাট্য যুক্তি খ. অন্তরে জটিলতা গ. মিথ্যা কথা ঘ. অনর্গল কথা **উত্তর: ঘ**

১২৭. 'মিছরির ছুরি' বাগধারাটির অর্থ কি? [বিসিক এর এক্সটেনশন অফিসার নিয়োগ-১৯]
ক. মুখে মধু অন্তরে বিষ খ. অবাস্তব গ. অবাস্তব ঘ. দুদিকে ধার **উত্তর: ক**

১২৮. 'মন না মতি' বাগধারার অর্থ কী? [১৫তম শিক্ষক (স্কুল) নিবন্ধন-১৯]
ক. ঢালবাজি খ. অস্থির মানব মন গ. অরাজক পরিস্থিতি ঘ. অমূল্য সম্পদ **উত্তর: খ**

১২৯. 'জিলাপীর প্যাঁচ' বাগধারাটির অর্থ কি? [পেট্রোবাংলা'র হিসাব সহকারী-১৯]
ক. প্যাঁচানো খ. কুটিল গ. কলহপ্রিয় ঘ. জটিল **উত্তর: খ**

১৩০. 'চাপে পড়ে কাবু হওয়া' এর অর্থ প্রকাশক বাগধারা কোনটি? [ক্রীড়া পরিদপ্তরের অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর-১৯]
ক. অকাল কুষ্মান্ড খ. চোরে না শোনে ধর্মের কাহিনী গ. ঠেলার নাম বাবাজি ঘ. রাবণের চিতা **উত্তর: গ**

১৩১. কোন বাগধারাটির অর্থ 'নির্লজ্জ'? [পেট্রোবাংলা'র হিসাব সহকারী-১৯]
ক. এলাহী কাণ্ড খ. কান কাটা গ. জিলাপির প্যাঁচ ঘ. ঠোঁট কাটা **উত্তর: খ**

ব্যাখ্যা : কান কাটা অর্থ নির্লজ্জ, বেহায়া। এলাহী কাণ্ড অর্থ বিরাট আয়োজন, জিলাপির প্যাঁচ অর্থ কুটিলতা, ঠোঁট কাটা অর্থ স্পষ্টভাষী বা স্পষ্টবাদী।

১৩২. 'দুধের মাছি' বাগধারাটির অর্থ কি? [শিল্প মন্ত্রণালয়ের অফিস সহকারী-১৯]
ক. দুধ খাওয়া মাছি খ. দুধে বসা মাছি গ. সুসময়ের বন্ধু ঘ. দুঃসময়ের বন্ধু **উত্তর: গ**

১৩৩. 'জিলাপির প্যাচ'- বাগধারাটির অর্থ কী? [স্বাস্থ্য মন্ত্রণালয়ের অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর-১৯]
ক. প্যাচানো খ. জটিল গ. কুটিল বুদ্ধি ঘ. কলহপ্রিয় **উত্তর: গ**

১৩৪. 'রাই কুড়িয়ে বেল' বাগধারাটির অর্থ- [সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহ. শিক্ষক-১৯]
ক. ক্ষুদ্র থেকে বড় খ. দরিদ্র থেকে ধনী গ. চৌর্যবৃত্তি ঘ. কৃষিকাজ **উত্তর: ক**

১৩৫. 'সিঁদুরে মেঘ' বাগধারাটির অর্থ- [১৬তম শিক্ষক নিবন্ধন (স্কুল-২)-১৯]
ক. বড় বিপদ খ. অল্পে ভয় গ. বিপদের আশঙ্কা ঘ. আকাশ লাল **উত্তর: গ**

ব্যাখ্যা : সিঁদুরে মেঘ অর্থ রক্তবর্ণ বা লাল মেঘ, যে মেঘ থেকে ঝড় হয়।

১৩৬. 'কলকাঠি নাড়া' বাগধারাটির অর্থ কি? [পায়রা বন্দর কর্তৃপক্ষের সহকারী সাব-ইন্সপেক্টর-১৮]
ক. গোপনে সুপরামর্শ দেয়া খ. গোপনে কুপরামর্শ দেয়া গ. গুপ্তচরবৃত্তি ঘ. সমস্যা সমাধান **উত্তর: খ**

১৩৭. 'গোবর গণেশ' বাগধারাটির অর্থ কী [পরিবার পরিকল্পনা সহকারী-১৮]
ক. আবর্জনা খ. চালাক গ. প্রতারক ঘ. মূর্খ উত্তর: ঘ

১৩৮. 'চোখের বালি' বাগধারাটির অর্থ কি? [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের উপ-সহকারী পরিচালক-১৮]
ক. শত্রু খ. চক্ষুরোগ গ. চক্ষুশূল ঘ. চোখের কাঁটা উত্তর: গ

১৩৯. 'ঝাঁকের কৈ' বাগধারাটির অর্থ- [জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের এস্টিমেটর-১৮]
ক. চালাক খ. একতাই বল গ. বর্ষার মাছ ঘ. একই স্বভাবের লোক উত্তর: ঘ

১৪০. 'আঠারো মাসে বছর' বাগধারাটির অর্থ- [টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজের ইনস্ট্রাক্টর-১৮]
ক. সময়ানুবর্তিতা খ. আলস্য গ. অকর্মণ্য ঘ. দীর্ঘসূত্রিতা উত্তর: ঘ

১৪১. 'গোয়ার গোবিন্দ' এর অর্থ কী? [কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডার-১৮]
ক. চালাক লোক খ. দীর্ঘায়ু ব্যক্তি গ. নিরক্ষর ঘ. কাণ্ডজ্ঞানহীন উত্তর: ঘ

১৪২. 'নজর লাগা' বাগধারার অর্থ কি? [পরিসংখ্যান কর্মকর্তা-১৭]
ক. পছন্দ হওয়া খ. অশুভ দৃষ্টিতে পড়া গ. মনে ধরা ঘ. সুদৃষ্টিতে আসা উত্তর: খ

১৪৩. 'মাছি মারা কেরানি'- প্রবচনটির অর্থ- [ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের সহকারী প্রোগ্রামার-১৭]
ক. মূর্খ খ. অগ্র-পশ্চাৎ বিবেচনাহীন গ. বিচারবোধহীন নকলনবিশ ঘ. দূরদৃষ্টির অভাব উত্তর: গ

১৪৪. 'লেজে খেলানো' বাগধারাটির অর্থ কী? [প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের উপসহকারী পরিচালক-১৭]
ক. ভয়ংকর কিছু খ. সতর্কতার সাথে কাজ করা গ. গুরুত্বহীন কর্ম ঘ. বশীভূত করে রাখা উত্তর: ঘ

১৪৫. 'আট প্রহর' বাগধারাটির অর্থ কি? [বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের প্রশাসনিক কর্মকর্তা-১৭]
ক. সারা দিনরাত খ. অবেলা গ. দীর্ঘ সময় ঘ. শেষরাত ঙ. মধ্যদুপুর উত্তর: ক

*ব্যাখ্যা : এক প্রহর= তিন ঘন্টা। আট প্রহর= চব্বিশ ঘন্টা অর্থাৎ সারা দিনরাত।*

১৪৬. 'মেয়ে আমার মা বরকত'- অর্থ কি? [বাংলাদেশ রেলওয়ে (পূর্বাঞ্চল) গেইটকিপার পদে নিয়োগ-১৭]
ক. সৌভাগ্যবতী খ. বিবি ফাতিমা (রা.) গ. ধনবতী ঘ. বরকতের মা উত্তর: ক

১৪৭. 'ধামাধরা' বাগধারাটির অর্থ নির্ণয় করুন? [সহকারী ব্যবস্থাপক (সাধারণ) বাপেক্স-১৭]
ক. কপট গাম্ভীর্য খ. চাটুকারিতা গ. পরিপাটি থাকা ঘ. মিথ্যা বলা উত্তর: খ

১৪৮. 'অন্তর টিপুনী' বলতে কি বোঝায়? [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-১৭]
ক. বিপদ খ. গভীর গ. গোপন ব্যাথা ঘ. হিংসা উত্তর: গ

১৪৯. বাগধারার অর্থ নির্ণয় করুন: 'ছুঁচোর কেত্তন' [সহকারী ব্যবস্থাপক বাংলাদেশ গ্যাস ফিল্ড'স লি. কোম্পানি-১৭]
ক. অবিরাম কলহ খ. নিষ্ঠুর বাক্য গ. আজগুবি আলাপ ঘ. অনুরোধ করা উত্তর: ক

১৫০. 'উলুখাগড়া' বাগধারাটি দ্বারা কি অর্থ প্রকাশ করা হয়? [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ নিয়োগ পরীক্ষা-১৭]
ক. গুরুত্বহীন লোক খ. অভাবগ্রস্থ লোক গ. অপব্যয়ী ঘ. অপদার্থ উত্তর: ক

১৫১. 'ঘর থাকতে বাবুই ভেজা'-বাগধারার অর্থ কি? [প্রধানমন্ত্রীর কার্যালয়ের নিয়োগ পরীক্ষা (NSI)-১৭]
ক. সহজলভ্য খ. গভীর মমত্ববোধ গ. সুযোগ থেকেও কষ্ট ঘ. সহজে ছেড়ে দেওয়া উত্তর: গ

১৫২. 'অরণ্যে রোদন' কথাটির অর্থ কী? [ডাক অধিদপ্তরের পোস্টাল অপারেটর-১৬]
ক. অবিরাম কান্না খ. ছিঁদকাঁদুনে গ. বৃথা চেষ্টা ঘ. বারংবার চেষ্টা উত্তর: গ

১৫৩. 'দুর্লভ বস্তু' বাগধারাটির অর্থ কী? [পরিসংখ্যান ব্যুরোর ডাটা এন্ট্রি অপারেটর-১৬]
ক. আকাশ কুসুম খ. অমাবস্যার চাঁদ গ. একাদশে বৃহস্পতি ঘ. অরণ্যে রোদন উত্তর: খ

*ব্যাখ্যা : অমাবস্যার চাঁদ- দুর্লভ বস্তু, আকাশকুসুম- অসম্ভব কল্পনা, একাদশে বৃহস্পতি- সুসময়, অরণ্যে রোদন- নিষ্ফল আবেদন।*

১৫৪. 'কংস মামা' বাগধারাটির অর্থ কী? [পরিসংখ্যান ব্যুরোর ডাটা এন্ট্রি অপারেটর-১৬]
ক. অপ্রিয় ব্যক্তি খ. নির্মম আত্মীয় গ. অমিতব্যয়ী ঘ. অকালপক্ব **উত্তর: খ**

১৫৫. 'আকাশ পাতাল' বাগধারার অর্থ কী? [কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-সহ.কৃষি কর্মকর্তা-১৬]
ক. বিশৃঙ্খলা খ. শত্রুতা গ. প্রচুর ব্যবধান ঘ. অবাস্তব **উত্তর: গ**

১৫৬. 'মেও ধরা' বাগধারাটির সঠিক অর্থ কোনটি? [সহকারী ব্যবস্থাপক গ্যাস ট্রান্সমিশন কো.-১৬]
ক. অকারণে ক্ষুব্ধ হওয়া খ. দুরূহ কাজের ঝুঁকি নেওয়া গ. কঠোর ব্যবস্থা নেওয়া ঘ. সুবিধা নেওয়া **উত্তর: খ**

১৫৭. 'ধর্মের ষাঁড়' বাগধারাটির অর্থ কি? [কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সহকারী কৃষি কর্মকর্তা-১৬]
ক. সুসময়ের বন্ধু খ. স্বার্থপর গ. বেহায়া ঘ. অকর্মণ্য **উত্তর: ঘ**

১৫৮. 'রাজঘোটক' বাগধারাটি ব্যবহৃত হয় কোন অর্থে? [উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা-১৫]
ক. অন্তসার শূন্য খ. পণ্ডশ্রম গ. চমৎকার মিল ঘ. বড় লোক **উত্তর: গ**

১৫৯. 'অকালে বাদলা' বাগধারার অর্থ কি? [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অডিটর-১৪]
ক. অপ্রত্যাশিত বাধা খ. যা সচরাচর ঘটে না গ. পৌষ-মাঘ মাসের বৃষ্টি ঘ. নিত্যনৈমিত্তিক বিষয় **উত্তর: ক**

১৬০. 'হাত ধুয়ে বসা' বাগধারার অর্থ কী? [১১তম বেসরকারি শিক্ষক নিবন্ধন-১৪]
ক. খেতে বসা খ. শুরু করা গ. ভণ্ডামী করা ঘ. সাধু সাজা **উত্তর: ঘ**

১৬১. 'আক্কেল সেলামী' এ বাগধারার অর্থ- [পরিসংখ্যান ব্যুরোর অ্যাসিসটেন্ট অফিসার-১৪]
ক. ভালো কাজের স্বীকৃতি খ. খারাপ কাজের জন্য তিরস্কার গ. দুষ্প্রাপ্ত সামগ্রী ঘ. বোকামির দণ্ড **উত্তর: ঘ**

১৬২. 'কৈ মাছের প্রাণ' বলতে বুঝায়- [কন্ট্রোলার জেনারেল-এর কার্যালয়ের অডিটর-১৪]
ক. কঠিন জিনিষ খ. সর্বভুক গ. দীর্ঘজীবী ঘ. স্বল্পভুক **উত্তর: গ**

১৬৩. 'পুকুর চুরি' বাগধারাটির অর্থ কী? [১১তম বেসরকারি শিক্ষক নিবন্ধন-১৪]
ক. অবাস্তব বস্তু খ. বড় ধরনের চুরি গ. পুকুর চুরি করা ঘ. লোপাট **উত্তর: খ**

১৬৪. 'কান পাতলা' বাগধারার অর্থ হলো- [পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশনের অ্যাসিসটেন্ট ম্যানেজার-১৪]
ক. সতর্ক খ. সন্দেহপ্রবণ গ. বিশ্বাসপ্রবণ ঘ. বধির **উত্তর: গ**

১৬৫. 'ঘরের শত্রু বিভীষণ' বাগধারাটির অর্থ কী? [১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন-১৪]
ক. বন্ধুভাবাপন্ন খ. শত্রু গ. রাবণের ভাই ঘ. যে গৃহ বিবাদ করে **উত্তর: ঘ**

১৬৬. 'কাষ্ঠ হাসি' বাগধারার অর্থ হলো- [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক-১৩]
ক. স্বেচ্ছাচারী খ. বিত্তশালী গ. শুকনো হাসি ঘ. গণ্ডমুর্খ **উত্তর: গ**

১৬৭. 'কূপমণ্ডুক'- বাগধারাটি দ্বারা কি বোঝায়? [বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সহকারী পরিচালক-১৩]
ক. সীমিত জ্ঞানের মানুষ খ. সাধারণ মানুষ গ. বিশ্বাসপ্রবণ ঘ. অলস **উত্তর: ক**

১৬৮. নিচের কোন বাগধারা স্বতন্ত্র অর্থ প্রকাশ করে? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক-১৩]
ক. সাতেও না পাঁচেও না খ. দা-কুমড়া গ. সাপে-নেউলে ঘ. আদায় কাঁচকলায় **উত্তর: ক**

*ব্যাখ্যা : সাতেও না পাঁচেও না অর্থ- নির্লিপ্ত। আর বাকীগুলোর অর্থ- শত্রুতা।*

১৬৯. 'বাঘের চোখ' বাগধারাটির অর্থ- [বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের সহকারী ব্যবস্থাপক-১৩]
ক. দুঃসাধ্য বস্তু খ. ভয়ানক বস্তু গ. অমূল্য সম্পদ ঘ. অসম্ভব বস্তু **উত্তর: ক**

১৭০. 'অজগর বৃত্তি' বাগধারাটির অর্থ কি? [সিলেট গ্যাস ফিল্ড অ্যাসি. ম্যানেজার (জেনারেল)-১৩]
ক. লোভী খ. আলসেমি গ. অপদার্থ ঘ. প্রচণ্ড গরম **উত্তর: খ**

১৭১. বাগধারা বা বাগবিধি কোন শব্দ বা শব্দগুচ্ছের- [৮ম বেসরকারি শিক্ষক নিবন্ধন-১২]
ক. আভিধানিক অর্থ প্রকাশ করে খ. বিশেষ অর্থ প্রকাশ করে
গ. আক্ষরিক অর্থ প্রকাশ করে ঘ. অতিরিক্ত অর্থ প্রকাশ করে **উত্তর: খ**

১৭২. 'পড়েছি মোগলের হাতে খানা খেতে হবে সাথে' অর্থ কি? *[প্রাথমিক প্রধান শিক্ষক-১২]*
ক. ভদ্র ব্যক্তি সাথে খাদ্য খাওয়া খ. মোগলের সাথে বসে খাদ্য খাওয়া
গ. সুদিন হঠাৎ করে ফিরে আসা ঘ. বিপদে পড়ে কাজ করা
উত্তর: ঘ

১৭৩. 'ইতর বিশেষ' বাগধারার অর্থ কি? *[খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক-১২]*
ক. অভদ্র খ. ভেদাভেদ গ. ঝগড়াটে ঘ. অপছন্দনীয়
উত্তর: খ

১৭৪. 'গুণহীনের বৃথা আস্ফালন' নিচের কোন প্রবাদের সাহায্যে বোঝানো যায়?
ক. অসারের তর্জন গর্জন সার খ. আসলে মুষল নেই, ঢেঁকি ঘরে চাঁদোয়া
গ. কানা ছেলের নাম পদ্মলোচন ঘ. ঘুঘু দেখেছো, ফাঁদ দেখনি
উত্তর: ক

১৭৫. 'ধরি মাছ না ছুঁই পানি' এটি হলো- *[মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অডিটর-১১]*
ক. খনার বচন খ. প্রবাদ বাক্য গ. কবিতার চরণ ঘ. বাগধারা
উত্তর: ঘ

১৭৬. 'ভিজা বিড়াল' বাগধারাটির অর্থ- *[অর্থ মন্ত্রণালয়ের অফিস সহকারী-১১]*
ক. কপট খ. কৃপণ গ. কুৎসিত ঘ. কন্টক
উত্তর: ক

১৭৭. 'নাটের গুরু' বাগধারাটির অর্থ কি? *[অর্থ মন্ত্রণালয়ের অফিস সহকারী-১১]*
ক. খল নায়ক খ. নাট্য গুরু গ. মূল নায়ক ঘ. গুরু
উত্তর: গ

১৭৮. 'পাথরে পাঁচ কিল' বাগধারাটির সঠিক অর্থ কি? *[মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক-১১]*
ক. অতিরিক্ত সুবিধা খ. সর্বস্বান্ত হওয়া গ. সুখের পায়রা ঘ. ধাক্কা সামলানো
উত্তর: গ

১৭৯. 'ফেকলু পার্টি' বাগধারাটির অর্থ কী? *[শিল্প মন্ত্রণালয়ের অধীন বিসিআসি'র সহকারী ব্যবস্থাপক-১১]*
ক. ক্ষমতাসীন পার্টি খ. বিরোধী পার্টি গ. কদরহীন লোক ঘ. নিকৃষ্ট লোক
উত্তর: গ

১৮০. 'আগড়ম বাগড়ম' বাগধারা অর্থ- *[গণপূর্তের উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)-১১]*
ক. সুন্দর কথা খ. প্রচুর কথা গ. রাগের কথা ঘ. অর্থহীন কথা
উত্তর: ঘ

১৮১. 'স্বেচ্ছাচারী ব্যক্তি' কোন বাগধারা দিয়ে বোঝানো হয়েছে-*[৭ম প্রভাষক নিবন্ধন-১১]*
ক. ধর্মের ষাঁড় খ. পোয়া বারো গ. রাহুর দশা ঘ. বুদ্ধির ঢেকি
উত্তর: ক

১৮২. 'অন্ধকার দেখা' বাগধারাটির সঠিক অর্থ কোনটি? *[দুদকের উপ-সহকারী পরিচালক-১০]*
ক. দূর্লভ বস্তু খ. হতবুদ্ধি গ. দৃষ্টি শক্তিহীন ঘ. স্বার্থে আঘাত লাগা
উত্তর: খ

১৮৩. 'আকাশ ভেঙ্গে পড়া'- বাগধারাটির সঠিক অর্থ? *[দুদকের উপ-সহকারী পরিচালক-১০]*
ক. হঠাৎ বিপদ হওয়া খ. আশ্চয্য হওয়া গ. মন্দ ভাগ্য ঘ. কঠিন পরীক্ষা
উত্তর: ক

১৮৪. 'বাপের ঠাকুর' বাগধারাটির অর্থ হলো- *[বিআরসি অফিসার নিয়োগ পরীক্ষা-০৮]*
ক. খুব পড়ুয়া খ. শ্রদ্ধেয় ব্যক্তি গ. অসম্ভব কিছু ঘ. উচ্ছন্নে যাওয়া
উত্তর: খ

১৮৫. 'লক্কা পায়রা' বাগধারার সঠিক অর্থ কোনটি? *[সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক-০৮]*
ক. পলায়ন করা খ. কুচক্রী গ. উল্টাফল ঘ. ফুলবাবু
উত্তর: ঘ

১৮৬. 'রাজা-উজির মারা'-এর সঠিক অর্থ কী? *[আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ-০৭]*
ক. এদিক ওদিক বলা খ. রাজা উজিরকে মেরে ফেলেছে
গ. যা নয় তাই বলা ঘ. লম্বা চওড়া কথা বলা
উত্তর: ঘ

১৮৭. 'অতি দর্পে হত লঙ্কা' কোন ধরনের বাক্য? *[বাংলাদেশ টেলিভিশন অডিয়েন্স রিসার্চ অফিসার-০৬]*
ক. প্রচলিত খ. ধর্মকথা গ. খনার বচন ঘ. প্রবাদ
উত্তর: ঘ

১৮৮. 'দশচক্রে ভগবান ভূত' প্রবাদে ভগবান কে? *[নির্বাচন কমিশনে প্রশাসনিক কর্মকর্তা-০৬]*
ক. ভালোর প্রতীক খ. ভগবান নামের এক ভৃত্য গ. ভগবানের প্রেত ঘ. কৃষ্ণ
উত্তর: ক

*ব্যাখ্যা : 'দশচক্রে ভগবান ভূত' অর্থ দশজনের চক্রান্তে ন্যায় অন্যায়ে রূপান্তরিত হতে পারে।*

১৮৯. 'ডুমুরের ফুল' বলতে বোঝায়- *[বিদ্যুৎ, জ্বালানি মন্ত্রণালয়ের সহকারী বিস্ফোরক পরিদর্শক-০৩]*
ক. ডুমুর জাতীয় ফলের ফুল খ. যে ফুলের ভেতর ফলা থাকে
গ. যে ফলের আসলে কোন ফুল হয় না ঘ. বিরল বস্তু **উত্তর: ঘ**

১৯০. 'ঝাঁকের কই' বাগধারাটির অর্থ- *[শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের উপ-সহকারী পরিচালক-০১]*
ক. অসম্ভব চালাক খ. বর্ষাকালীন মাছ গ. একই দলের লোক ঘ. একতাই বল **উত্তর: গ**

১৯১. পল্লী সাহিত্যের কোন বিষয় নৃতত্ত্বের মূল্যবান উপকরণ বলে পণ্ডিত সমাজ মনে করছেন? *[সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক-০১]*
ক. রূপকথা খ. উপকথা গ. প্রবাদ ঘ. লোকসঙ্গীত **উত্তর: খ**

১৯২. 'তেলও কম ভাজাও মুচমুচে' বাগধারা অর্থ-*[পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা-০১]*
ক. অভাবে সান্ত্বনা খ. অল্প উপকরণে ভালো ব্যবস্থা গ. অল্পে সন্তুষ্ট ঘ. তেলে ভাজা **উত্তর: খ**

১৯৩. 'কানে তোলা' বাক্যাংশের বিশিষ্ট অর্থ কি? *[সহকারী উপজেলা শিক্ষা অফিসার-৯৯]*
ক. কোনো কথা উত্থাপন করা খ. কান ধরে তোলা গ. কান পেতে শোনা ঘ. কুমন্ত্রণা দেয়া **উত্তর: ক**
*ব্যাখ্যা : কানে তোলা অর্থ শোনানো, গ্রাহ্য করা।*

১৯৪. 'গা করা' দ্বারা নিচের কোনটি বুঝায়? *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক-৯৮]*
ক. আঘাত করা খ. উপেক্ষা করা গ. উদ্যোগী হওয়া ঘ. অবহেলা করা **উত্তর: গ**

১৯৫. 'কত ধানে কত চাল' বাগধারাটির অর্থ- *[যুব উন্নয়ন অধিদপ্তরের AD-৯৯]*
ক. হিসাব নেওয়া খ. পরিমাণ জানা গ. ষড়যন্ত্র ঘ. টের পাওয়ানো **উত্তর: ঘ**

১৯৬. 'কাঁঠালের আমসত্ত্ব' বাংলা বাগধারার অর্থ কি? *[সমবায় দপ্তরে অফিসার-৯৭]*
ক. বেমানান সজ্জা খ. অসম্ভব ব্যাপার গ. বাজে কথা ঘ. নাছোড়বান্দা **উত্তর: খ**

১৯৭. 'উড়ে এসে জুড়ে বসা' অর্থ কি? *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক-৯০]*
ক. হঠাৎ আবির্ভাব খ. দূর থেকে আসা গ. অনধিকার চর্চা ঘ. অধিকার প্রতিষ্ঠা করা **উত্তর: গ**

১৯৮. কোন বাগধারাটির অর্থ 'মারা যাওয়া'? *[তথ্য যোগাযোগ ও প্রযুক্তি অধিদপ্তরের সহকারী প্রোগ্রামার-২০]*
ক. অক্কা পাওয়া খ. কেউকাটা গ. কানপাতলা ঘ. কেতাদুরস্ত **উত্তর: ক**
*ব্যাখ্যা : অক্কা পাওয়া অর্থ মারা যাওয়া, কেউকাটা- অতি তুচ্ছ ব্যক্তি, কানপাতলা- সহজেই বিশ্বাসপ্রবণ, কেতাদুরস্ত- পরিপাটি।*

## ব্যাংক নিয়োগ পরীক্ষা

১. বাগধারা হিসেবে প্রয়োগ করা হয় না কোন শব্দটি? *[জনতা ব্যাংকের অফিসার (আরসি)-২৪]*
ক. চোখের জল খ. চোখের বালি গ. চোখের মণি ঘ. চোখের পর্দা **উত্তর: ক**
*ব্যাখ্যা : 'চোখের জল' বাগধারা হিসেবে প্রয়োগ করা হয় না। এছাড়া 'চোখের বালি' বাগধারার অর্থ- শত্রু, চক্ষুশূল বা অপ্রিয়। 'চোখের মণি' বাগধারার অর্থ- অত্যন্ত প্রিয়, 'চোখের পর্দা' বাগধারার অর্থ- লজ্জা।*

২. 'ভিটায় ঘুঘু চরানো' বাগধারাটির অর্থ- *[জনতা ব্যাংকের অফিসার (আরসি)-২৪]*
ক. অত্যন্ত অলস খ. সর্বনাশ করা গ. গুজব ঘ. রাখাল **উত্তর: খ**

৩. কোন বাগধারাটির অর্থ 'চাতুরী করা'? *[সমন্বিত ১০ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের অফিসার (জেনারেল)-২৪]*
ক. লেজে খেলা খ. শেষরক্ষা গ. আঁখি মুদা ঘ. ছকড়া নকড়া **উত্তর: ক**
*ব্যাখ্যা : 'লেজে খেলানো' বাগধারাটির অর্থ- বশীভূত করে রাখা। 'আঁখি মুদা' বাগধারার অর্থ মারা যাওয়া, ছকড়া নকড়া বাগধারার অর্থ- সস্তা দর।*

৪. 'মেনিমুখো' বলতে বুঝায়- *[সমন্বিত ১০ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের অফিসার (জেনারেল)-২৪]*
ক. ভীতু খ. লাজুক গ. বিড়ালমুখো ঘ. মুখরা **উত্তর: খ**

৫. **'ভূষণ্ডির কাক' বাগধারাটি কি অর্থে ব্যবহৃত?** *[গ্লোবাল ইসলামী ব্যাংকের প্রবেশনারী অফিসার-২৪]*
ক. নিরেট মূর্খ খ. নিষ্ক্রিয় দর্শক গ. দীর্ঘজীবী ঘ. বকধার্মিক **উত্তর: গ**

৬. **কোনটি 'হতভাগ্য' অর্থে ব্যবহৃত?** *[জনতা ব্যাংকের অফিসার (রুরাল ক্রেডিট)-২৩]*
ক. আট কপালে খ. উড়নচণ্ডী গ. ছা-পোষা ঘ. গোঁফ খেজুরে **উত্তর: ক**

*ব্যাখ্যা : আটকপালে বাগধারার অর্থ- হতভাগ্য। উড়নচণ্ডী অর্থ- অমিতব্যয়ী, ছা-পোষা অর্থ- অত্যন্ত গরীব, গোঁফ খেজুরে অর্থ- নিতান্ত অলস।*

৭. **'ছাতা দিয়ে মাথা রক্ষা' বাগধারাটির অর্থ কি?** *[বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক-২৩]*
ক. সম্মান রক্ষা করা খ. সামান্য উপকার গ. স্বার্থপর হওয়া ঘ. উর্ধ্বতন কর্তৃপক্ষের ভূমিকা **উত্তর: খ**

৮. **কোন বাগধারাটির অর্থ তিনটির অর্থ থেকে ভিন্ন?** *[কর্মসংস্থান ব্যাংক অ্যাসিস্ট্যান্ট অফিসার (ক্যাশ)-২৩]*
ক. দুধের মাছি খ. বসন্তের কোকিল গ. সুখের পায়রা ঘ. ননীর পুতুল **উত্তর: ঘ**

*ব্যাখ্যা : 'ননীর পুতুল' বাগধারাটির অর্থ শ্রমবিমুখ। দুধের মাছি, বসন্তের কোকিল, সুখের পায়রা- তিনটি বাগধারার অর্থ সুসময়ের বন্ধু।*

৯. **'স্বখাত সলিলে' বাগধারাটির অর্থ-** *[কর্মসংস্থান ব্যাংক অ্যাসিস্ট্যান্ট অফিসার (ক্যাশ)-২৩]*
ক. দুঃখে কষ্টে পড়া খ. পানির গভীরে যাওয়া গ. বিনা দোষে শাস্তি পাওয়া ঘ. স্বীয় কর্মের ফল ভোগ **উত্তর: ঘ**

১০. **'জলে ফেলা' বাগধারাটির অর্থ কি?** *[বাংলাদেশ ব্যাংক অফিসার (ক্যাশ)-২৩]*
ক. সুপাত্রে পড়া খ. জলের নিত্য ব্যবহার গ. অপচয় করা ঘ. বিপদে পড়া **উত্তর: গ**

১১. **'ধুয়া ধরা' বাগধারার প্রকৃত অর্থ কি?** *[সমন্বিত ব্যাংক অফিসার (ক্যাশ)-২৩]*
ক. বৃথা চেষ্টা করা খ. বজায় থাকা গ. বাজে অভ্যাস ধরা ঘ. আবদার বা ছুতো করা **উত্তর: ঘ**

১২. **'কাছা ঢিলা' বাগধারার অর্থ কি?** *[সমন্বিত ৮ ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানের অফিসার-২২]*
ক. দুর্বল ব্যক্তি খ. অসাবধান গ. অসল ঘ. মজার বিষয় **উত্তর: খ**

১৩. **'সাত ঘাটের কানাকড়ি' প্রবাদ প্রবচনের অর্থ কী?** *[জনতা ব্যাংক অফিসার (ক্যাশ)-২০]*
ক. কপট মমতা খ. বড় ধরনের ক্ষতি করা গ. ঘোর শত্রুতা ঘ. অকিঞ্চিৎকর সংগ্রহ **উত্তর: ঘ**

*ব্যাখ্যা : 'সাত ঘাটের কানাকড়ি' প্রবাদ প্রবচনের অর্থ অকিঞ্চিৎকর বা প্রচুর সংগ্রহ। নানা দেশে ঘুরে ফিরে অভিজ্ঞতা লাভ করেছে-এ কথা বোঝাতে বলা হয়।*

১৪. **'ভেড়ার গোয়ালে আগুন লাগা' প্রবাদটির অর্থ-** *[রূপালী ব্যাংক অফিসার-১৯]*
ক. আকস্মিক বিপদ খ. অকার্যকর কোলাহল গ. অসহায় অবস্থা ঘ. অযথা আড়ম্বর **উত্তর: খ**

*ব্যাখ্যা : ভেড়ার গোয়ালে আগুন লাগা অর্থ বিপদে প্রতিকারের চেষ্টা না করে অযথা হৈ চৈ করা।*

১৫. **'শিকায় তোলা' বাগধারারাটির অর্থ-** *[জুনিয়র অফিসার সাধারণ বীমা কর্পোরেশন-১৯]*
ক. মুলতবি রাখা খ. সর্বনাশ করা গ. বিগড়ে দেওয়া ঘ. গোপন করা **উত্তর: ক**

১৬. **'আঁতে ঘা' বাগধারার অর্থ কী?** *[পূবালী ব্যাংক জুনিয়র অফিসার-১৯]*
ক. ক্ষণস্থায়ী খ. অবিশ্বাস্য ঘটনা গ. মনে কষ্ট ঘ. বিশৃঙ্খল **উত্তর: গ**

১৭. **'না পড়ে পণ্ডিত' প্রবচনটির অর্থ-** *[পূবালী ব্যাংক সহকারি অফিসার (ক্যাশ)-১৯]*
ক. স্বভাব পণ্ডিত খ. কোন বিষয়ে না জেনে পাণ্ডিত্য প্রকাশ গ. ডিগ্রী বিহীন পণ্ডিত ঘ. মহাজ্ঞানী **উত্তর: খ**

১৮. **'জলের রেখা, খলের পিরিতি' প্রবাদটির অর্থ কী?** *[পূবালী ব্যাংক সহকারি অফিসার(ক্যাশ)-১৯]*
ক. নিরপেক্ষ খ. ক্ষণস্থায়ী গ. ক্ষতি হওয়া ঘ. নির্বাক হয়ে থাকা **উত্তর: খ**

১৯. **'ডানায় ভর দিয়ে চলা' প্রবাদটির অর্থ কী?** *[পূবালী ব্যাংক সহকারি অফিসার (ক্যাশ)-১৯]*
ক. শূন্যেলোকে ভাসা খ. গা বাঁচিয়ে চলা গ. গোপনে কাজ করা ঘ. নিশ্চিতে দিন কাটানো **উত্তর: ক**

২০. **'গায়ে পড়া' শব্দটির বাগধারা কী?** *[পূবালী ব্যাংক সহকারি অফিসার (ক্যাশ)-১৯]*
ক. সাংঘাতিক খ. অতি মূর্খ গ. অযাচিত ঘ. অকেজো **উত্তর: গ**

২১. 'কল্কে-পাওয়া' এর সঠিক অর্থ কোনটি? [সোনালী ও জনতা ব্যাংক অফিসার (আইটি)-১৯]
ক. পাত্তা পাওয়া খ. প্রভাবিত হওয়া গ. শাস্তি পাওয়া ঘ. সাধু সাজা **উত্তর: ক**

২২. 'উচিত কথায় মামা বেজার'-এটি যে শ্রেণির প্রবাদ- [সমন্বিত ব্যাংক অফিসার-১৮]
ক. সমালোচনামূলক খ. অভিজ্ঞতাবাচক গ. নীতিমূলক ঘ. ব্যঙ্গাত্মক **উত্তর: ক**

২৩. 'নখ নাড়া' বাগধারাটির অর্থ- [বাংলাদেশ ব্যাংক অফিসার (জেনারেল)-১৮]
ক. ক্ষোভ প্রকাশ করা খ. নিন্দা করা গ. তুষ্ট করা ঘ. অহংকার প্রকাশ **উত্তর: ঘ**

২৪. 'ইঁদুর কপালে'-এর সমার্থক বাগধারা- [সোনালী ব্যাংক অফিসার-১৮]
ক. উনপাঁজুরে খ. কাক জোছনা গ. ভুষণ্ডির কাক ঘ. নেই আঁকড়া **উত্তর: ক**
ব্যাখ্যা : 'ইঁদুর কপালে' অর্থ মন্দ ভাগ্য। 'উনপাঁজুরে' অর্থ হতভাগ্য, দুর্বল। 'নেই আঁকড়া' অর্থ একগুঁয়ে। 'ভুষণ্ডির কাক' অর্থ দীর্ঘায়ু ব্যক্তি। 'কাক জ্যোৎস্না' অর্থ- রাত্রিশেষের অল্প আলো।

২৫. 'ভানুমতির খেল' প্রবচনটি বোঝায়- [ICB (ক্যাশ) নিয়োগ-১৮]
ক. চালবাজি খ. ভেলকিবাজি গ. ফটকাবাজি ঘ. ফেরববাজি **উত্তর: খ**
ব্যাখ্যা : ভানুমতী অর্থ কান্তিমতী, সুন্দরী। 'ভানুমতীর খেল' হলো ভোজ রাজতনয়া ভানুমতী প্রবর্তিত জাদুবিদ্যা।

২৬. যে বাগধারাটি অন্যগুলো থেকে স্বতন্ত্র- [অগ্রণী ব্যাংক অফিসার (ক্যাশ)-১৭]
ক. কাঠের পুতুল খ. গোঁফ খেজুরে গ. মেনিমুখো ঘ. মানিকজোড় **উত্তর: ঘ**

২৭. 'পোঁ ধরা' বাগধারাটির অর্থ হলো- [BDBL সিনিয়র অফিসার-১৭]
ক. চাটুকার বৃত্তি খ. অন্যের দোষ খোঁজা গ. বারবার অনুরোধ করা ঘ. অপরের অনুকরণ করা **উত্তর: ক**
ব্যাখ্যা : পোঁ ধরা অর্থ অন্যের সব কথায় সায় দেওয়া, অন্ধভাবে সমর্থন করা। মোসাহেবি করা।

২৮. 'বুড়ো সালিকের ঘাড়ে রোঁ' প্রবচনটি বোঝায়- [কৃষি ব্যাংক সিনিয়র অফিসার-১৭]
ক. কষ্টের উপর আরো কষ্ট খ. দুরারোগ্য ব্যাধি গ. বুড়োর ভীমরতি ঘ. নতুন যৌবন প্রাপ্তি **উত্তর: গ**
ব্যাখ্যা : এই 'রোঁ' শব্দটি ভীমরতি অর্থে ব্যবহৃত হয়েছে। শব্দটির অর্থ বৃদ্ধ বয়সে বাচ্চার মতো অসংলগ্ন বা যুবকের মতো চটুল আচরণ করা।

২৯. 'লক্ষ্মীর বরযাত্রী' বাগধারাটির অর্থ- [পূবালী ব্যাংক লি. সিনিয়র অফিসার-১৭]
ক. মঙ্গলের সূচনা খ. ভাগ্যবান লোক গ. ধনাঢ্য ব্যক্তি ঘ. সুসময়ের বন্ধু **উত্তর: ঘ**

৩০. 'ধোপদুরস্ত' বাগধারাটির অর্থ-[অগ্রণী ব্যাংক লি. সিনিয়র অফিসার (বাতিল)-১৭]
ক. গম্ভীর প্রকৃতির খ. ধীরশক্তিসম্পন্ন গ. পরিপাটি ঘ. অসম সাহসী **উত্তর: গ**

৩১. কোন বাগধারাটির অর্থ ভিন্ন? [অগ্রণী ব্যাংক লি. সিনিয়র অফিসার (বাতিল)-১৭]
ক. পঞ্চত্ব প্রাপ্তি খ. ছা-পোষা গ. অগস্ত্য যাত্রা ঘ. অক্কা পাওয়া **উত্তর: খ**
ব্যাখ্যা : ছা-পোষা অর্থ অত্যন্ত গরীব। অন্যগুলোর অর্থ মারা যাওয়া।

৩২. 'পর্বতের মূষিক প্রসব' প্রবচনটির অর্থ কী? [জনতা ব্যাংক সিনিয়র অফিসার (আইটি)-১৬]
ক. বিপুল উদ্যোগে তুচ্ছ অর্জন খ. বহু প্রত্যাশিত অর্জন
গ. গুরুতর বিষয় খুজে পাওয়া ঘ. কোনটিই নয় **উত্তর: ক**

৩৩. 'মান্ধাতার আমল' এখানে 'মান্ধাতা' হলো- [বাংলাদেশ ব্যাংক ক্যাশ অফিসার-১৬]
ক. প্রাচীনকাল খ. এক রাজার নাম গ. অন্ধকারময় অবস্থা ঘ. বহু পুরানো কিছু **উত্তর: খ**
ব্যাখ্যা : 'মান্ধাতা' পৌরাণিক এক রাজা। সূর্য বংশের রাজা যুবনাশ্বের পুত্র। তার শাসনামলকে 'মান্ধাতার আমল' বলা হয়। ব্যবহারিক অর্থে 'মান্ধাতার আমল' বলতে অতি প্রাচীন কাল বুঝায়।

৩৪. 'পটল তোলা' এই বাগধারাটির অর্থ কোনটি? [কৃষি ব্যাংক অফিসার আইটি-১৬]
ক. পটল গাছ হতে পটল তোলা খ. পটল খাওয়া গ. পরীক্ষায় ফেল করা ঘ. মারা যাওয়া **উত্তর: ঘ**

৩৫. **কোনটি প্রবচন?** *[জনতা ব্যাংক লি. অ্যাসিস্ট্যান্ট এক্সিকিউটিভ অফিসার-১৫]*
ক. কাঁচা বাঁশে ঘুন খ. মুঘলাই খানা গ. পদ্ম পাতার জল ঘ. রাঘব বোয়াল
**উত্তর: ক**

৩৬. **'অল্পজলের মাছ' প্রবচনটির মানে-** *[পূবালী ব্যাংক লি. অফিসার/সিনিয়র অফিসার-১৪]*
ক. নিতান্তই বোকা খ. অসার ব্যক্তি গ. ভয়ঙ্কর স্বভাব ঘ. ঘাঁই মারার জন্য প্রস্তুত
**উত্তর: ক**

৩৭. **'মাছরাঙার কলঙ্ক' বাগধারাটির অর্থ কী?** *[প্রবাসী কল্যাণ ব্যাংক লি. অফিসার-১৪]*
ক. গোপনে অপরাধ করা খ. অনেক অপরাধীর মধ্যে একজনকে দায়ী করা
গ. ডুবে ডুবে জল খাওয়া ঘ. প্রাণী হত্যাই যার বাঁচার অবলম্বন
**উত্তর: খ**

৩৮. **'ঝড়ো কাক' কথাটির অর্থ-** *[পূবালী ব্যাংক লি. অফিসার-১৪]*
ক. ঝগড়াটে ব্যক্তি খ. দুর্দশাগ্রস্ত ব্যক্তি গ. বেগবান পরুষ ঘ. তেড়ে আসা
**উত্তর: খ**

৩৯. **'কলা দেখানো' বাগধারাটির অর্থ-** *[সোনালী ব্যাংক লি. সিনিয়র অফিসার-১৪]*
ক. লোভ দেখানো খ. প্রলুব্ধ করা গ. ফাঁকি দেওয়া ঘ. উদ্বুদ্ধ করা
**উত্তর: গ**

৪০. **'কাঁচা পয়সা' বাগধারাটির অর্থ-** *[রূপালী ব্যাংক লি. অফিসার-১৩]*
ক. কালো টাকা খ. ধাতব মুদ্রা গ. নগদ উপার্জন ঘ. বিত্তের অহংকার
**উত্তর: গ**

৪১. **'ক-অক্ষর গোমাংস' এর সঠিক অর্থ কোনটি?** *[পূবালী ব্যাংক লি. জুনিয়র অফিসার-১২]*
ক. জ্ঞানী ব্যাক্তি খ. নিরর্থক কথা গ. অনাবশ্যক বাগাড়ম্বর ঘ. অশিক্ষিত ব্যক্তি ঙ. জবরদস্তি **উত্তর: ঘ**

৪২. **'আদিখ্যেতা' বাগধারাটির অর্থ কী?** *[স্ট্যান্ডার্ড ব্যাংক অ্যাসিস্ট্যান্ট অফিসার-১২]*
ক. মারা যাওয়া খ. না জেনে কিছু করা গ. অপদার্থ ঘ. ন্যাকামি ঙ. বিলাসী **উত্তর: ঘ**

৪৩. **'তুলসী বনের বাঘ' এর অর্থ কোনটি?** *[ইনভেস্টমেন্ট কর্পোরেশন অফ বাংলাদেশ(ক্যাশ)-১১]*
ক. সুসময়ের বন্ধু খ. অদৃশ্য বস্তু গ. ভণ্ড ঘ. নির্লজ্জ ঙ. তোষামোদকারী
**উত্তর: গ**

*ব্যাখ্যা : 'তুলসী বনের বাঘ' অর্থ ভণ্ড, দুধের মাছি- সুসময়ের বন্ধু, অমাবস্যার চাঁদ- অদৃশ্য বস্তু, কানকাটা- নির্লজ্জ/বেহায়া, ঢাকের কাঠি-তোষামোদকারী।*

৪৪. **'তালপাতার সেপাই' সঠিক অর্থ কোনটি?** *[পূবালী ব্যাংক লি. জুনিয়র অফিসার-১১]*
ক. অত্যন্ত ভদ্র খ. পক্ষপাতদুষ্ট গ. অত্যন্ত আদুরে ঘ. খুব চালাক ঙ. অতিশয় দুর্বল
**উত্তর: ঙ**

৪৫. **'হাতজোড়া থাকা' বাগধারাটির অর্থ কী?** *[অগ্রণী ব্যাংক লি. অফিসার-১১]*
ক. অলস থাকা খ. নিষ্ক্রিয় হয়ে থাকা গ. কর্মব্যস্ত থাকা ঘ. চিন্তায় পড়া
**উত্তর: গ**

*ব্যাখ্যা : হাতজোড়া থাকা- কর্মব্যস্ত থাকা, হাত জুড়ানো- স্বস্থি পাওয়া, হাত কামড়ানো- আফসোস করা, হাত চালানো- তাড়াতাড়ি করা।*

৪৬. **'শ্রীঘর' এর বৈশিষ্ট্যপূর্ণ অর্থ কি?** *[পূবালী ব্যাংক সিনিয়র অফিসার-১১]*
ক. সুদৃশ্য ঘর খ. বৈঠকখানা গ. জেলখানা ঘ. সরাইখানা
**উত্তর: গ**

৪৭. **'ফপর দালালি' বাগধারার অর্থ কি?** *[পূবালী ব্যাংক লি. জুনিয়র অফিসার (ক্যাশ)-১১]*
ক. জ্ঞান দান করা খ. অন্যায় আবদার করা গ. ক্ষমতার বাহাদুরী ঘ. অনাহূত ব্যক্তির মাতব্বরী **উত্তর: ঘ**

৪৮. **'খোদার খাসি' কোন অর্থে ব্যবহৃত হয়?** *[জনতা ব্যাংক সিনিয়র অফিসার-১১]*
ক. ধনী ব্যক্তি খ. অযাচিত গ. ভাবনাচিন্তাহীন ঘ. অত্যন্ত অলস
**উত্তর: গ**

৪৯. **'আমড়া গাছে ঢেকি' বাগধারাটির অর্থ-** *কর্মসংস্থান ব্যাংক ডাটা এন্ট্রি অপারেটর-১১]*
ক. জ্ঞানী খ. অপদার্থ গ. চোর ঘ. মিথ্যাবাদী
**উত্তর: খ**

৫০. **'ভদ্রতার বালাই' প্রবাদটির অর্থ-** *[হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পো. (অফিসার)-১১]*
ক. অসাধারণ সৌজন্যবোধ খ. মূর্খ গ. অকৃতজ্ঞ ঘ. অপরাধবোধ ঙ. সাধারণ সৌজন্যবোধ **উত্তর: ঙ**

৫১. **'হাতের পাঁচ' অর্থ-** *[রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (ক্যাশ)-১০]*
ক. নিকট জন খ. শেষ সম্বল গ. পরমাত্মীয় ঘ. অধিক সম্পদ
**উত্তর: খ**

৫২. **'অনিষ্ট করতে গিয়ে ভালো করা'কে কী বলে?** *[রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (ক্যাশ)-১০]*
ক. ভিজে বিড়াল খ. শাপে বর গ. কপাল ফেরা ঘ. অদৃষ্টের পরিহাস **উত্তর: খ**
*ব্যাখ্যা : 'শাপে বর' অর্থ অনিষ্ট করতে গিয়ে ভালো করা, ভিজে বিড়াল- কপট, কপাল ফেরা- সৌভাগ্য লাভ, অদৃষ্টের পরিহাস- ভাগ্যের বিড়ম্বনা।*

৫৩. **কোনটি ভিন্নার্থক?** *[রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (ক্যাশ)-১০]*
ক. মণিকাঞ্চন যোগ খ. আদায় কাঁচকলায় গ. সোনায় সোহাগা ঘ. আমদুধে মেশা **উত্তর: খ**
*ব্যাখ্যা : 'আদায় কাঁচকলায়' অর্থ ঘোর শত্রুতা। মণিকাঞ্চন যোগ, সোনায় সোহাগা, আমদুধে মেশা অর্থ যোগ্য মিলন।*

১১১. **'ছেঁড়া চুলে খোঁপা বাঁধা' বাগধারাটির অর্থ কি?** *[রূপালী ব্যাংক সিনিয়র অফিসার-১০]*
ক. পরকে আপন করার চেষ্টা খ. উপহাস গ. অসময়ে আবির্ভাব
ঘ. অকেজো লোক ঙ. অবাস্তব বস্তু **উত্তর: ক**

৫৪. **'কপাল গুণে গোপাল ঠাকুর' প্রবাদটির অর্থ-** *[অগ্রণী ব্যাংক সিনিয়র অফিসার-১০]*
ক. অসুন্দরের বেমানান সাজ খ. অযোগ্যর ভাগ্যগুণে বড় হওয়া
গ. ভালো কথার খারাপ ব্যাখ্যা ঘ. মূর্খ লোকের জ্ঞানী কথা **উত্তর: খ**

৫৫. **'উনপাঁজুরে' বাগধারাটির অর্থ কী?** *[বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক-১০]*
ক. সবল পাঁজর যার খ. দুর্বল গ. নরম পাঁজর ঘ. বলবান **উত্তর: খ**

৫৬. **'অল্প বিদ্যা ভয়ঙ্করী'- কোন শ্রেণির অন্তর্গত?** *[ইসলামী ব্যাংক প্রবে. অফিসার-০৮]*
ক. বাগ্‌ধারা খ. প্রবাদ গ. বিশিষ্টার্থক শব্দ ঘ. বাগ্‌বিচিত্রা **উত্তর: খ**

৫৭. **'অগস্ত্য যাত্রা' কোন অর্থে ব্যবহৃত হয়?** *[বাংলাদেশ কমার্স ব্যাংক লি অফিসার-০০]*
ক. খারাপ হয়ে যাওয়া খ. চিরতরে যাওয়া (বিদায়)
গ. ভুল পথে যাওয়া ঘ. অনির্দিষ্টের উদ্দেশ্যে যাত্রা **উত্তর: খ**

## বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা

১. **'কাজে ডাঁটো'-র অর্থ কী?** *[রাবি (এ ইউনিট-মানবিক শিফট-৩) ২৩-২৪]*
ক. অক্ষম খ. অকাজের কাজী গ. কর্মহীন ঘ. কাজে পটু **উত্তর: ঘ**

২. **বেহিসাবি খরচের অভ্যাস যার-** *[রাবি (এ ইউনিট-মানবিক শিফট-১) ২৩-২৪]*
ক. অমিতব্যয়ী খ. অমিতব্যয় গ. অমিতাচার ঘ. অমিতব্যয়িতা **উত্তর: ক**

৩. **'ছাই ফেলতে ভাঙা কুলো' বলতে কী বোঝায়?** *[রাবি (এ ইউনিট-মানবিক শিফট-১) ২৩-২৪]*
ক. ঘৃণিত ব্যক্তি খ. অস্বীকৃত ব্যক্তি গ. অগণ্য ব্যক্তি ঘ. উপেক্ষিত ব্যক্তি **উত্তর: ঘ**

৪. **'মাথামোটা' শব্দের বিশেষ অর্থ কোনটি?** *[চবি (বি ইউনিট) ২৩-২৪]*
ক. সূক্ষ্মবুদ্ধি খ. স্থূলবুদ্ধি গ. দুর্বুদ্ধি ঘ. চিন্তাশীল **উত্তর: খ**

৫. **'হাত দেওয়া'-র বিশেষ অর্থ কী?** *[চবি (বি১ উপ-ইউনিট) ২৩-২৪]*
ক. খাওয়া খ. আরম্ভ করা গ. নষ্ট করা ঘ. হস্তক্ষেপ করা **উত্তর: ঘ**

৬. **'পায়াভারি' কথাটির অর্থ কি?** *[ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি ভর্তি ২৩-২৪]*
ক. অহংকার খ. বেকায়দা গ. বেহায়া ঘ. নির্দয় **উত্তর: ক**

৭. **'লেফাফা দুরস্ত'- বাগধারাটির অর্থ কী?** *[বিএসসি ইন নার্সিং ভর্তি ২৩-২৪]*
ক. চৌকস ব্যক্তি খ. বাইরের ঠাঁট বজায় রেখে চলা গ. পোশাক সর্বস্ব ঘ. সৌখিন ব্যক্তি **উত্তর: খ**

৮. **'আউলিয়া চাঁদ' বাগধারার অর্থ-** *[ঢাবি (খ ইউনিট) ২২-২৩]*
ক. পবিত্র তিথি খ. হাতের নাগালে গ. বিচলিত ব্যক্তি ঘ. দুর্লভ বস্তু **উত্তর: গ**
*ব্যাখ্যা : আউলিয়া চাঁদ বাগধারার অর্থ- যে অল্পেই আকুল হয়, বিচলিত ব্যক্তি।*

৯. **'পগার পার' বাগধারাটির অর্থ কি?** *[ঢাবি (গ ইউনিট) ২২-২৩]*
ক. পলায়ন করা খ. রোপন করা গ. লাফ দেওয়া ঘ. বাগানের কিনার **উত্তর: ক**

*ব্যাখ্যা : 'পগার পার' বাগধারাটির অর্থ- পলায়ন, চম্পট, উধাও।*

১০. **'গলগ্রহ' বলতে বোঝায়-** *[ঢাবি (চারুকলা) ২২-২৩]*
ক. গলা ধাক্কা খ. দায় বা বোঝা গ. গ্রহের ফের ঘ. অপবাদ দেয়া **উত্তর: খ**

১১. **'ডাম্বুক জ্বর' বাগধারার অর্থ কী?** *[রাবি (ক ইউনিট- মানবিক) ২২-২৩]*
ক. জ্বর জ্বর ভাব খ. দীর্ঘস্থায়ী জ্বর গ. তীব্র জ্বর ঘ. ক্ষণস্থায়ী জ্বর **উত্তর: ঘ**

১২. **'কুনকি হাতি' বাগধারার অর্থ-** *[রাবি (ক ইউনিট- মানবিক) ২২-২৩]*
ক. অতি চালাক খ. কৌশলে বশকারী গ. বৃহৎ ঘ. অতি ক্ষুদ্র **উত্তর: খ**

১৩. **'ধড়াচূড়া' বাগধারার অর্থ-** *[রাবি (ক ইউনিট- মানবিক) ২২-২৩]*
ক. ধরার বাহির খ. মগডাল গ. অলংকার ঘ. সাজ পোশাক **উত্তর: ঘ**

১৪. **'কানাকলসির জল' বাগধারার অর্থ কী?** *[চবি (খ ইউনিট) ২২-২৩]*
ক. দুর্ভাগ্য খ. অসম্ভব বস্তু গ. ক্ষণস্থায়ী বস্তু ঘ. সীমাবদ্ধ জ্ঞান **উত্তর: গ**

১৫. **কোন বাগধারাটির অর্থ পক্ষপাতিত্ব?** *[চবি (খ ইউনিট) ২২-২৩]*
ক. গোঁফখেজুরে খ. হাতভারী গ. ঢাকের কাঠি ঘ. একচোখা **উত্তর: ঘ**

১৬. **'ননীর পুতুল' বাগধারাটির অর্থ কী?** *[চবি (ডি১ ইউনিট) ২২-২৩]*
ক. পুতুলের মত খ. অতি আদরের গ. অতি ভদ্র ঘ. অতি চঞ্চল **উত্তর: খ**

১৭. **'খয়ের খাঁ' বাগধারার অর্থ কী?** *[ঢাবি (৭ কলেজ-খ ইউনিট) ২২-২৩]*
ক. চাটুকার খ. কুপরামর্শক গ. সংকীর্ণমনা ঘ. নির্লজ্জ **উত্তর: ক**

১৮. **'সাতপাঁচ ভেবে লাভ নেই' এখানে ব্যবহৃত বাগধারাটি কোন অর্থ প্রকাশ করেছে?** *[ঢাবি (ঘ ইউনিট) ২১-২২]*
ক. অগ্র-পশ্চাৎ খ. এলোমেলো গ. সস্তা কথা ঘ. নানা প্রকার **উত্তর: ঘ**

১৯. **'ঘোর কলি' বাগধারাটি দ্বারা কী বুঝায়?** *[রাবি (এ ইউনিট) ২১-২২]*
ক. ঘুটঘুটে কালো খ. ঘুরপাক খাওয়া গ. অন্ধকার ঘ. নিদারুণ অধর্মের যুগ **উত্তর: ঘ**

২০. **'তুর্কি নাচন' বাগধারার অর্থ কী?** *[গুচ্ছ (সি ইউনিট) ২১-২২]*
ক. অরাজক দেশ খ. সামাজিক বিশৃঙ্খলা গ. নাজেহাল অবস্থা ঘ. কোনটিই নয় **উত্তর: গ**

২১. **'কূপমণ্ডূক' বাগধারাটির দ্বারা কী বোঝায়?** *[চবি (বি ইউনিট) ২১-২২]*
ক. বিশ্বাস প্রবণ খ. অলস গ. সাধরণ মানুষ ঘ. সীমিত জ্ঞানের মানুষ **উত্তর: ঘ**

২২. **'কুল কাঠের আগুন' এর অর্থ-** *[ঢাবি (ঘ ইউনিট) ১৯-২০]*
ক. তীব্র যন্ত্রণা খ. অসহিষ্ণুতা গ. ভয়ংকর ঘ. শত্রুতা **উত্তর: ক**

২৩. **'আলাভোলা' বাগধারাটির অর্থ-** *[ঢাবি (ঘ ইউনিট) ১৯-২০]*
ক. অসহায় খ. সাদাসিধে গ. অকর্মণ্য ঘ. অলস **উত্তর: খ**

২৪. **'কলির সন্ধ্যা' বাগধারা কী অর্থে ব্যবহৃত হয়?** *[ঢাবি (ঘ ইউনিট) ১৯-২০]*
ক. দুঃখের সূচনা খ. দুর্দিন গ. সন্ধ্যাকুসুম ঘ. সন্ধ্যাকালীন **উত্তর: ক**

*ব্যাখ্যা : ঘোর বিপদ বা দুঃখ বোঝাতে কলির সন্ধ্যা বাগধারা ব্যবহৃত হয়।*

২৫. **'ট্যাঁকে গোঁজা' বাগধারাটির অর্থ-** *[ঢাবি (গ ইউনিট) ১৮-১৯]*
ক. পকেট ভারী করাখ. ক্ষমতা পরীক্ষা করা গ. অবহেলা করা ঘ. সহজে কাবু করা **উত্তর: ক**

*ব্যাখ্যা : 'ট্যাঁকে গোঁজা' অর্থ কোমরে গোঁজা বা আত্মসাৎ করা।*

২৬. 'পোড় খাওয়া' অর্থ- [ঢাবি (ঘ ইউনিট পুনঃ) ১৮-১৯]
ক. পুড়ে যাওয়া খ. পরিশ্রম করা গ. মার খাওয়া ঘ. প্রতিকূলতা পার হয়ে আসা
উত্তর: ঘ

২৭. 'কাপুড়ে বাবু' বাগধারা অর্থ- [খুবি (খ ইউনিট) ১৮-১৯]
ক. অসভ্য খ. মতলববাজ গ. অপদার্থ ঘ. বাহ্যিক সভ্য
উত্তর: ঘ

২৮. 'ধর্মপুত্র যুধিষ্ঠির' প্রবাদটি কী অর্থ নির্দেশ করে? [খুবি (খ ইউনিট) ১৮-১৯]
ক. সত্যবাদিতা খ. সত্যবাদী গ. সত্যবাদিতার ভান করা ঘ. সত্যে একনিষ্ঠতা
উত্তর: গ

২৯. 'খাস তালুকের প্রজা' প্রবাদটির অর্থ কী? [খুবি (খ ইউনিট) ১৮-১৯]
ক. খুব অনুগত ব্যক্তি খ. খুব অনুকরণীয় ব্যক্তি গ. নির্ভরশীল ব্যক্তি ঘ. অতিমাত্রায় নির্ভরশীল
উত্তর: ক

৩০. 'মাকাল ফল' বাগধারাটি দিয়ে বোঝায়- [ঢাবি (৭কলেজ, মানবিক) ১৮-১৯]
ক. উচ্ছিষ্ট বস্তু খ. নির্দিষ্ট ঋতুভিত্তিক ফল গ. বিশেষ অর্থে গুণহীন ঘ. কদাকার বস্তু
উত্তর: গ

৩১. 'ঘাটের মরা' বাগধারাটির অর্থ কী? [ঢাবি (ক ইউনিট) ১৭-১৮]
ক. পরনির্ভরশীলতা খ. অত্যন্ত গরীব গ. অতিবৃদ্ধ ঘ. নির্জীব
উত্তর: গ

৩২. 'ধর্মের ষাঁড়' বাগধারাটির অর্থ-[ঢাবি (গ ইউনিট) ১৭-১৮]
ক. যথেচ্ছাচারী খ. দলের সর্দার গ. গুণহীন ব্যক্তি ঘ. ভণ্ড
উত্তর: ক

৩৩. 'ফেলো কড়ি, মাখো তেল' বলতে বুঝায়- [ঢাবি (ক ইউনিট) ১৭-১৮]
ক. পরের ক্ষতি করে আত্মস্বার্থ হাসিল খ. স্বাভাবিক ক্ষমতা ও প্রভাব প্রতিপত্তি
গ. অপ্রাসঙ্গিক প্রসঙ্গের অবতারণা ঘ. আবদারহীন নগদ কারবার
উত্তর: ঘ

*ব্যাখ্যা : 'ফেলো কড়ি, মাখো তেল' মানে অর্থের বিনিময়ে ইচ্ছা পূরণ।*

৩৪. 'আস্তাকুঁড়ের পাতা' বাগধারাটির অর্থ- [জবি (ই ইউনিট) ১৭-১৮]
ক. হেয় ব্যক্তি খ. চতুর গ. নোংরা ঘ. অলস ব্যক্তি
উত্তর: ক

৩৫. 'কায়েতের ঘরের ঢেঁকি' বাগধারাটির অর্থ কী? [কুবি (বিজ্ঞান) ১৬-১৭]
ক. অপদার্থ ব্যক্তি খ. বিশিষ্ট ব্যক্তি গ. প্রাচীন ব্যক্তি ঘ. হৃষ্টপুষ্ট ব্যক্তি
উত্তর: ক

*ব্যাখ্যা : কায়েতের ঘরের ঢেঁকি- অপদার্থ ব্যক্তি, কেষ্টবিষ্টু- বিশিষ্ট ব্যক্তি, ভুষণ্ডির কাক-দীর্ঘায়ু ব্যক্তি*

৩৬. 'বাস্তুঘুঘু' এর অর্থ- [রাবি (গ ইউনিট) ১৬-১৭]
ক. সামান্য লোক খ. ভণ্ড গ. প্রচ্ছন্ন শয়তান ঘ. পরোপকারী
উত্তর: গ

*ব্যাখ্যা : বাস্তুঘুঘু অর্থ ঘনিষ্ট অথচ সর্বনাশা ব্যক্তি। আস্তাকুঁড়ের পাতা অর্থ নিচ ব্যক্তি।*

৩৭. 'সুলুক-সন্ধান' বাগধারাটির অর্থ- [মাভাবিপ্রাবি (ঘ ইউনিট) ১৬-১৭]
ক. সঠিক সংবাদ খ. আত্মপরিচয় গ. ব্যাকুল কামনা ঘ. খোঁজ-খবর
উত্তর: ঘ

৩৮. 'সোনার পাথর বাটি' বাগধারাটির অর্থ কোনটি? [রাবি (ই ইউনিট) ১৫-১৬]
ক. যথার্থ খ. অবিশ্বাস্য গ. কল্পনা ঘ. ভবিতব্য
উত্তর: খ

৩৯. 'কেবলা হাকিম' বাগধারাটির অর্থ কোনটি? [ইবি (খ ইউনিট) ১৫-১৬]
ক. অনভিজ্ঞ খ. মক্কাগামী লোক গ. হাকিম নির্ভর ঘ. তোষামোদকারী
উত্তর: ক

৪০. 'অকটবিকট' বাগধারাটির অর্থ কোনটি? [জবি (ঘ ইউনিট) ১৫-১৬]
ক. ছটফটানি খ. আনন্দে চিৎকার গ. রাগে চিৎকার ঘ. ক্ষিপ্ত
উত্তর: ক

৪১. 'বাঘের আড়ি' বাগধারাটির অর্থ- [ববি (খ ইউনিট) ১৪-১৫]
ক. ছদ্মবেশি খ. নির্ভীক গ. বিপদে পড়া ঘ. কঠিন শত্রুতা
উত্তর: ঘ

*ব্যাখ্যা : 'বাঘের আড়ি' বাগধারার অর্থ- নাছোড়বান্দা, দুশমনি, কঠিন শত্রুতা।*

৪২. **'পিপুফিশু' দ্বারা কী বুঝানো হয়?** *[জবি (খ ইউনিট) ১৪-১৫]*
ক. মাসীপিসী খ. অতি দ্রুত গ. ধূর্ত ঘ. কুঁড়ের বাদশা **উত্তর: ঘ**

৪৩. **'কোলাব্যাঙ' বাগধারাটির অর্থ-** *[ঢাবি (গ ইউনিট) ১৩-১৪]*
ক. ঘরকুনো খ. ঝগড়াটে গ. কৃপণব্যক্তি ঘ. বাকসর্বস্ব ঙ. জঘন্য **উত্তর: ঘ**

৪৪. **'হাঁটুর বয়স' অর্থ হল-** *[ঢাবি (গ ইউনিট) ১৩-১৪]*
ক. বালক বয়স খ. নিতান্ত শিশু গ. বৃদ্ধ লোক ঘ. মানুষের হাড় **উত্তর: খ**

৪৫. **'ঘন্টাগরুড়' অর্থ কী?** *[জবি (খ ইউনিট) ১৩-১৪]*
ক. গরুড় পাখি খ. অকর্মণ্য লোক গ. কর্মঠ লোক ঘ. গরুর ঘন্টা **উত্তর: খ**

৪৬. **'ঢেঁকির কুমির' বাগধারাটির অর্থ-** *[ববি (ঘ ইউনিট) ১৩-১৪]*
ক. অসহায় খ. অপদার্থ গ. ধনী ঘ. নাছোরবান্দা **উত্তর: খ**

৪৭. **'চোরা বালি' বাগধারাটির অর্থ-** *[কুবি (খ ইউনিট) ১৩-১৪]*
ক. অত্যন্ত গোপনে খ. প্রচ্ছন্ন বিপদ গ. চুরির অভ্যাস ঘ. সাবধানী **উত্তর: খ**

৪৮. **'দোহাই মানা'- বাগধারাটির অর্থ কী?** *[রাবি (এ ইউনিট) ১২-১৩]*
ক. লজ্জায় মাথা নত করা খ. প্রশংসা মুখর হওয়া গ. স্তব্ধ হয়ে পড়া ঘ. নজির দেখানো **উত্তর: ঘ**

৪৯. **'হাতেখড়ি'- বাগধারাটির অর্থ কী?** *[রাবি (আইন ইউনিট) ১২-১৩]*
ক. স্বহস্তে খ. বিদ্যারম্ভ গ. অবিলম্বে ঘ. শেষ সম্বল **উত্তর: খ**

৫০. **কোন বাগধারাটি নেতিবাচক অর্থ বহন করে না।** *[চবি (সি ইউনিট) ১২-১৩]*
ক. আমড়া কাঠের ঢেঁকি খ. কলুর বলদ গ. পটল তোলা
ঘ. আক্কেল সেলামি ঙ. পোয়া বারো **উত্তর: ঙ**

*ব্যাখ্যা : 'পোয়া বারো' অর্থ পরম সৌভাগ্য। এছাড়া আমড়া কাঠের ঢেঁকি- অপদার্থ, কলুর বলদ- পরাধীন, পটল তোলা- মারা যাওয়া, আক্কেল সেলামী- বোকামির জন্য দণ্ড। এগুলো নেতিবাচক।*

৫১. **'তোলা হাঁড়ি' বাগধারাটির অর্থ-** *[ববি (সি ইউনিট) ১২-১৩]*
ক. সঞ্চয় খ. গম্ভীর গ. অপব্যয় ঘ. ভয়ঙ্কর **উত্তর: খ**

*ব্যাখ্যা : 'তোলা হাঁড়ি' অর্থ গম্ভীর, আদাড়ের হাঁড়ি- অনাদৃত ব্যক্তি, সাপের হাঁড়ি- সামান্য কারণেই রেগে যায় এমন।*

৫২. **'বিদুরের খুদ' বাগধারার অর্থ-** *[নজরুল বিশ্ববিদ্যালয় (সি ইউনিট) ১২-১৩]*
ক. কৃপণের ক্ষুদ্র দান খ. ভালোবাসার সামান্য উপহার গ. উচ্ছিষ্ট খাদ্যবিশেষ ঘ. বিড়াল ছানা **উত্তর: খ**

৫৩. **'স-সে-মি-রা অবস্থা' বাগধারার অর্থ-** *[ববি (সি ইউনিট) ১২-১৩]*
ক. মুমূর্ষু অবস্থা খ. অজ্ঞান অবস্থা গ. বাহ্যজ্ঞানশূন্য অবস্থা ঘ. বিরাট ব্যাপার **উত্তর: গ**

*ব্যাখ্যা : 'সসেমিরা'র আভিধানিক অর্থ বাহ্যজ্ঞানশূন্য বা কিংকর্তব্যবিমূঢ় অবস্থা। এটি সংস্কৃত কবি কালিদাসের 'দ্বাত্রিংশ পুত্তলিকা' নাটকের চারটি রহস্যময় শ্লোকের প্রত্যেকটির আদ্যাক্ষরের সমষ্টি।*

৫৪. **'মগজ দৌড়ানো' বাগধারার অর্থ-** *[ববি (সি ইউনিট) ১২-১৩]*
ক. বুদ্ধি শানানো খ. ঘোড়া ডিঙিয়ে ঘাস খাওয়া গ. বুদ্ধির ঢেঁকি ঘ. বোকামি **উত্তর: ক**

৫৫. **'আতিশয্যে গোপন উদ্দেশ্য অর্জনের প্রকাশ'- কোন প্রবাদের সাহায্যে বুঝানো যায়?** *[জবি (ডি ইউনিট) ১২-১৩]*
ক. অতি চালাকের গলায় দড়ি খ. অতি দর্পে হত লঙ্কা
গ. অতি লোভে তাঁতি নষ্ট ঘ. অতি ভক্তি চোরের লক্ষণ **উত্তর: ঘ**

৫৬. **'ভরাডুবির মুষ্টি লাভ' বাগধারাটির অর্থ-** *[জাবি (বিজ্ঞান) ১২-১৩]*
ক. প্রচণ্ড মুষ্ট্যাঘাত খ. কোনক্রমে প্রাণরক্ষা গ. দরিদ্রর দান ঘ. সর্বনাশ **উত্তর: খ**

৫৭. **'তাল ঠোকা'- বাগধারাটির অর্থ-** *[ঢাবি (ক ইউনিট) ১১-১২]*
ক. অহংকার করা খ. সগর্ব উক্তি গ. কার্পণ্য করা ঘ. ব্যঙ্গ উক্তি **উত্তর: খ**

৫৮. 'চল্লিশের কোঠা' বাগধারাটির অর্থ- *[ঢাবি (ক ইউনিট) ১০-১১]*
ক. একচল্লিশ খ. পঁয়তাল্লিশ গ. উনচল্লিশ ঘ. উনপঞ্চাশ **উত্তর: গ**

৫৯. 'ছক্কা-পাঞ্জা করা' মানে- *[জবি (খ ইউনিট) ১০-১১]*
ক. বড়াই করা খ. এলোমেলো করা গ. ইতস্তত করা ঘ. অস্থির হওয়া **উত্তর: ক**

৬০. 'চিড়ে চেপটা' প্রবাদটির অর্থ- *[জবি (খ ইউনিট) ১০-১১]*
ক. চেপটা চিড়ে খ. নাজেহাল গ. বিপদগ্রস্ত ঘ. ব্যর্থ **উত্তর: খ**

৬১. 'হায়রে আমড়া, কেবল আঁটি আর চামড়া' প্রবাদটির অর্থ কি? *[ঢাবি (গ) ০৮-০৯]*
ক. বাইরে ফিটফাট ভেতরে সদরঘাট খ. বরের ঘরের পিসি, কনের ঘরের মাসি
গ. সামান্য ব্যাপারে বৃহৎ অবস্থা ঘ অন্তসারশূন্য অবস্থা **উত্তর: ঘ**

৬২. 'নেপোয় মারে দই'- বাগধারাটির অর্থ- *[ঢাবি (ঘ ইউনিট) ০৮-০৯]*
ক. ধূর্ত লোকের ফলপ্রাপ্তি খ. অন্যকে ঠকানো গ. চাতুর্যপূর্ণ চুরি ঘ. আত্মসাৎ **উত্তর: ক**

৬৩. 'টুপ ভুজঙ্গ'- বাগধারাটির অর্থ- *[ঢাবি (ঘ ইউনিট) ০৮-০৯]*
ক. জল-সাপ খ. নির্লজ্জ গ. নেশাগ্রস্ত ঘ. গো-সাপ **উত্তর: গ**

৬৪. 'ভাঁড়ে ভবানী' প্রবচনের অর্থ- *[ঢাবি (ঘ ইউনিট) ০৭-০৮]*
ক. ভাণ্ডার পরিচারিকা খ. পূর্ণ ভাণ্ডার গ. নিঃস্ব অবস্থা ঘ. কৌতুকময়ী **উত্তর: গ**

৬৫. 'কিলিয়ে কাঁঠাল পাকানো' কী বোঝানো? *[রাবি ভর্তি পরীক্ষা ০৫-০৬]*
ক. আগেভাগে ঘটনা ঘটানো খ. অসময়ে কাজে লাগিয়ে দেওয়া
গ. জোর করে কাজের উপযোগী ঘ. বেদম প্রহার করা **উত্তর: গ**

৬৬. 'ত্রিশঙ্কুদশা'- *[রাবি ভর্তি পরীক্ষা ০৫-০৬]*
ক. বিপর্যস্ত অবস্থা খ. অবাক হওয়া গ. দোটনা অবস্থা হওয়া ঘ. মাত্রাজ্ঞানহীন হওয়া **উত্তর: গ**

৬৭. 'ম ম করা' বাগধারার অর্থ কী? *[ঢাবি (ক ইউনিট) ৯৯-০০]*
ক. দুর্গন্ধে ভরে যাওয়া খ. মাছি বসা গ. সুগন্ধে ভরে যাওয়া ঘ. পূর্ণ হওয়া **উত্তর: গ**

৬৮. 'ঘটি ডোবে না নামে তালপুকুর' প্রবাদটির অর্থ- *[ঢাবি (ক ইউনিট) ৯৯-০০]*
ক. সস্তা বস্তু খ. যোগ্যতা ছাড়াই অহঙ্কার দেখানো গ. স্তব্ধ হওয়া ঘ. সুযোগ সন্ধান করা **উত্তর: খ**

৬৯. 'পান্তা ভাতে ঘি' বাগবিধির অর্থ- *[ঢাবি (ঘ ইউনিট) ৯৯-০০]*
ক. বিলাস খ. অপচয় গ. স্বাদু ঘ. নষ্ট **উত্তর: খ**

৭০. 'ভেরেণ্ডা ভাজা' বাগধারাটির অর্থ- *[ঢাবি (ঘ ইউনিট) ৯৮-৯৯]*
ক. ডাল ভাজা খ. অকাজে থাকা গ. ডিম ভাজা ঘ. বাজে কাজ করা **উত্তর: খ**

## ...বিরাম চিহ্ন বা যতিচিহ্ন